Dedicated to your livestock & Fisheries

রেজি ঃ ডি এ নং- ৬০৬৫/১০
ঢাকা॥ ফেব্রুয়ারি ॥ ২০২৬॥ বর্ষ-১৬॥ সংখ্যা-০৯॥
Dhaka. February-2026. Volume-16. Issue-09

মাসিক
বাংলাদেশ পোল্ট্রি এন্ড ফিস
BANGLADESH POULTRY & FISH

॥ Mirror of Livestock ॥

Visit Online Version: bangladeshpoultryandfish.com

চূড়ান্ত খসড়া "জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা ২০২৬"-প্রকাশিত সংশ্লিষ্ট সংগঠন, পেশাজীবী ও খামারিদের তীব্র-প্রতিক্রিয়া

বিস্তারিত দেখুন-পৃষ্ঠা- ২০-২৫

বাংলাদেশে পোল্ট্রি খাতে নতুন প্রস্তাবিত নীতিমালা প্রসঙ্গে মতামত



মোঃ আব্দুর রহমান
কার্যনির্বাহী সদস্য WPSA-BB (ইন্ডাস্ট্রি)

পৃষ্ঠা-23

আর.আর.পি গ্রুপের 'ভেটেরিনারি ফার্মাসিউটিক্যালস' উদ্বোধন



পৃষ্ঠা-18

VICTAM Asia
IN CO-LOCATION WITH
10-12 MARCH 2026
BITEC CENTRE BANGKOK
THAILAND
REGISTER NOW

ঢাকায় '৬ষ্ঠ AHCAB ইন্টারন্যাশনাল এক্সপো ২০২৬' অনুষ্ঠিত

পৃষ্ঠা-63

BAB has announced the newly elected executive committee-2026-2027

পৃষ্ঠা-52

▪▪▪ এছাড়াও নিয়মিত বিভাগসমূহ



Anticoccidial Solutions

COMPREHENSIVE, SAFE AND EFFECTIVE

Excellent Coccidiosis solutions to improve gut health and performance

Aviax® Plus Aviax® 5% Avensin® 20%

Coxistac® 12% Nicarmix®

PROVET Resources Ltd.
House # 10, Road # 7/A, Sector # 03, Uttara, Dhaka-1230
Ph: +880248953160, www.provetresources.com.bd

Phibro ANIMAL HEALTH CORPORATION

HEALTHY ANIMALS. HEALTHY FOOD. HEALTHY WORLD.®

Editor & Publisher : Md. Afzal Hossain, Cell : 01748 15 25 36, E-mail : bpoultryfish007@gmail.com

(주) 성 원

SUNG-WON CO., LTD.

South Korea

Nicarbasin

DUAL-ACTION

(Nicarbazin 8%+ Narasin 8%)

A Potentiated & Safe Anticoccidial Premix




Sung-Won Anticoccidials in Bangladesh

Madubazin

DUAL-ACTION

(Nicarbazin 16%+ Maduramycin 1.5%)

Powerful Anticoccidial Premix for Poultry Performance by Protecting from Coccidiosis



Coccidials is a Threat for Poultry Industry

Distribution & Marketed by:
Sun Agro Pharma
95, Khan Tower, Nayapalton,
Dhaka-1000, Bangladesh
E-mail: sunagro.pharma@gmail.com
Cell: +88 01716-722427

Manufactured By
Sung-Won Co., Ltd.
15, Seoam-ro, 183beon-gil, Tongjin-eup
Gimpo-si, Gyeonggi-do, Republic of Korea
Website: www.sungwonvet.co.kr

From research to solutions by Pathway Intermediates

lipidol® Plus
The First Absorption Accelerator

endopower® Plus
Powerful Digestion Accelerator

Growmax
The Organic Chromium for Animal Performance

endophos® Plus
Qualified Phytase

YeaMune-UP®
Immune Accelerator

CocciLock
Eco-friendly Product for Coccidiosis Alleviation

ProBe-Bac® PE
New Preventative Approach for Bacterial Infection

Fermkito®
The Natural Fermented Chitosan and COS

Genikan®
High Quality Yeast Culture for Gastrointestinal Health

STREX
All-in-One Anti-Stress Solution



Ralph Kim Regional Manager
Abdur Rahman Regional Director

PATHWAY® INTERMEDIATES
The Science of Feeding Tomorrow
www.pathway-intermediates.com

E-mail abdur.rahman@pathway-intermediates.com
Contact No. +880 1915467928

House No. 66, 3rd Floor, Lake Circus, Kalabagan, Dhaka-1205, Bangladesh
HQ: 4th Floor, 310 Gangnam-Daero, Gangnam-Gu, Seoul, 06253, SOUTH KOREA

ইনসেপ্টা নিয়ে এলো

রেডলিভার™ ভেট

মিল্ক থিসল এক্সট্রাক্ট, আর্টিচোক এক্সট্রাক্ট, অ্যালিয়াম-এল এক্সট্রাক্ট, প্রোপাইলিন গ্লাইকল, এল-কারনিটিন, কোলিন ক্লোরাইড সরবিটল, গ্লিসারিন, মিথিওনিন, গ্লিসারাইল পলিইথাইলিনগ্লাইকল রিসিনোলিয়েট, ম্যাগনেসিয়াম সালফেট

মিল্ক থিসল ও আর্টিচোক সমৃদ্ধ আপডেটেড লিভার টনিক

- হেপাটোটক্সিন এবং ফ্রি র‍্যাডিকেল থেকে লিভারকে সুরক্ষিত রাখে
- লিভারের কোষের পুনঃউৎপাদন বৃদ্ধি করে
- ক্ষতিকারক চর্বি কমাতে সহায়তা করে
- লিভারকে সুরক্ষিত রাখে এবং ফ্যাটি লিভার প্রতিরোধে সহায়তা করে
- গবাদিপ্রাণিতে কৃমিনাশক ব্যবহারের পর লিভারের কার্যক্রম পূর্বের অবস্থায় ফিরিয়ে নিতে সহায়তা করে



বাজারজাতকরণে

incepta ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ লিঃ
এনিমেল হেল্‌থ এন্ড ভ্যাকসিন ডিভিশন
তেজগাঁও, ঢাকা, বাংলাদেশ

প্রস্তুতকারক

pharmill | Ul. Stefana Stefańskiego 34, PL 62-002 Suchy Las, Poland

পোল্ট্রির শ্বাসতন্ত্রীয় সংক্রমণ চিকিৎসায়

ইনসেপ্টা নিয়ে এলো

এভিটিল™ ভেট

১০০ মি.লি.

৫০০ মি.লি.

টিলমিকোসিন ২৫০ মি.গ্রা./মি.লি. সলিউশন

ব্রয়লারে | কম খরচে | শ্বাসতন্ত্রের এন্টিবায়োটিক

- প্রচলিত অন্যান্য শ্বাসতন্ত্রীয় এন্টিবায়োটিকের তুলনায় খরচ কম
- ব্রয়লার, সোনালী ও পুলেটের জন্য সবচেয়ে উপযোগী
- আধুনিক রেসপিরেটরি এন্টিবায়োটিক, তাই রেজিস্ট্যান্সের সুযোগ নেই
- রক্ত আমাশয়ের ওষুধের সাথে কোন বিরূপ প্রতিক্রিয়া নেই



incepta ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ লিঃ
এনিমেল হেল্‌থ ডিভিশন
তেজগাঁও, ঢাকা, বাংলাদেশ

This is circulated with the prior approval of the Licensing Authority (Drug Administration)

Angel



YeaMOS

Boost Poultry Health with YeaMOS Protection

- Enhance Immunity
- Balance Intestinal Microflora
- Agglutinate Pathogens

YeaMOS is a natural component derived from ***Saccharomyces cerevisiae***. The main efficient ingredients are β-glucan and mannan oligosaccharides. YeaMOS can increase immunity, block pathogens and bind mycotoxins (especially Zearalenone).

en.angelyeast.com
+86-717-6369520
chizw@angelyeast.com
sunny@angelyeast.com
+86 15571186870
+8801924031472

trouw nutrition

a Nutreco company



For producers

Empowering producers to make the most out of their resources.

For the planet

Joining forces to efficiently produce the best quality meat, eggs and milk from the existing resources.

For everyone

Setting for ourselves the ambitious goal of feeding 9 million people by 2050.

Our Innovative Products Range

TOXO®-XL | TOXO® | TOXO®-MX | Fylax® | Fysal®

Selko®-pH | Selacid® GG | Fytera Perform

IntelliMin | IntelliOpt | Optimin® | IntelliBond®

Trouw Premixes | maxcare



Scan the code for latest updates

Trouw Nutrition India Pvt. Ltd
Unit no. L4 04, SLN Terminus, Beside Botanical Garden,
Gachibowli, Hyderabad, Telangana – 500032 T. +91 40 2988 0258
E: customercareindia@trouwnutrition.com W: www.trouwnutrition.in



PROFESSIONAL

CIBENZA®

GRADE

MAX NUTRITION FOR EVERY RATION. DON'T ACCEPT ANYTHING LESS.

Enzyme Feed Additives

CIBENZA®

a **NOVUS** *brand*

Availability may vary by region.

When you need serious solutions to real-world challenges, NOVUS® CIBENZA® Enzymes deliver results. We take intelligent digestibility to the next level, making it simple to overcome diet challenges and push your animals to reach their full genetic potential. See how professional-grade enzymes can help achieve serious results at **novusint.com/enzymes**

®**NOVUS** and CIBENZA are trademarks of Novus International, Inc., and are registered in the United States and other countries.
©2025 Novus International, Inc. All rights reserved.

NCH life sciences

BACIGUARD™ 800

Poultry Feed Probiotic

Available Now in

Bangladesh



Contact us for **more details!**

Marketed & Distributed in Bangladesh by:

TETRA AGROVET Ltd.
We Care ....

tetraagrovetltd@gmail.com
+880 18 9606 1590
Plot No- 42 , Road No-15, Nikunja -2 Khilkhet, Dhaka -1229, Bangladesh

NCH life sciences

WORLD HEADQUARTER
NCH Life Sciences, LLC
2727 Chemsearch Blvd. Irving,
Texas, 75062 USA

Email: lifesciences@nch.com
Web: www.nchlifesciences.com

MPA

Part of group PH Albio

SEARCHING FOR A NEW DISTRIBUTOR

we are looking for a new partner for the distribution in Bangladesh for its well-know liver tonic **HepatoActive** the top selling liver tonic in Bangladesh (distributed under our old partner brand name, **RESTOLIV**)



MPA Veterinary Medicines and Additives S.L.
www.mpaveterinary.com · info@mpaveterinary.com · Tel: +34 93 729 17 64



HepatoActive

Liver and digestive health

IZOVAC® CORYZA 3

The best defense against Infectious Coryza

- High antigenic concentration of an inactivated trivalent vaccine
- Scientifically, the most advanced turbo-emulsion technology
- To protect against clinical signs and mortality from Infectious Coryza
- Recommended for GP, Breeders and Layers





MADE IN EUROPE

HIGH Antigenic Concentration

vaxxinova
veterinary prevention strategies
www.vaxxinova.com

Marketed by:
Animal Health Division
Renata PLC
Plot # 1, Milk Vita Road, Section # 7 Mirpur
Dhaka-1216, Bangladesh

Contact:
Dr. Md. Zahid Hossain
Country Representative- Bangladesh
Mobile: 01724286090



Wiseman Guidance Ltd.



Fish Meal



Fish Soluble




Poultry Meal



Sodium Bi Carbonate



DDGS



Maize



Fish Oil



CGM



Hydrolyzed Feather Meal



Soybean Extraction




Veg Fat

WISEMAN GUIDANCE LTD.

Corporate Office :
Nam Village, House #06 (C-4),
Road # 02, Banani, Dhaka-1213
E-mail : azim@wmglbd.com, sales3@wmglbd.com
Phone : +88029860571, +8801552634026

Wiseman Guidance



SK+F

AiB™ VET

the Animal Immuno Booster



- ম্যান্নান অলিগোস্যাকারাইড
- ভিটামিন ই
- বিটা-গ্লোকান
- লাইসোজাইম
- ভিটামিন সি
- ভিটামিন এ
- সেলেনিয়াম
- জিংক

35 Lac U/gm
LYSOZYME HCl

সর্বোচ্চ লাইসোজাইম
সর্বোচ্চ ইমিউনিটি



ESKAYEF PHARMACEUTICALS LTD.
ANIMAL HEALTH DIVISION

UK MHRA I EU GMP I TGA Australia I VMD UK
APPROVED

ADDCON

FORMI® NDF

Improve your productivity with **DIFORMATES**







German know how!

- Powerful antimicrobial effect
- Controls harmful bacteria like Salmonella, E.Coli, Clostrida
- Improves livability, FCR, feed & gut hygiene

Marketed by

Inter Agro BD Ltd.

House # 402, (1st Floor) Road # 29
New DOHS, Mohakhali, Dhaka-1206
Tel : + 88-02-8750747, Fax : +88-02-8818532
E-mail : dr.khasru@yahoo.com

www.addcon.com

Manufactured by:
ADDCON GROUP GmbH • Kaiserstr. 1a • 53113 Bonn • Germany
Phone: +49 228 91910-0 • Fax: +49 228 91910-60 • eMail: info@addcon.com

সম্পাদকীয়



মোঃ আফজাল হোসেন

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। শিক্ষা জীবন সমাপ্ত করে তিনি সরাসরি পোল্ট্রি শিল্পের সঙ্গে সম্পৃক্ত হন। তিনি **"বাংলাদেশ পোল্ট্রি এন্ড ফিস"** পত্রিকার সম্পাদক ও প্রকাশক।

Editor & Publisher :
Md. Afzal Hossain
Cell : 01748-152536, 01914-030963
E-mail : bpoultryfish007@gmail.com

Advisors:
Kayser Ahmed
Kbd. Anjan Majumder
Aung Tun Aye

International Correspondent
Sultan Miah
Indian Correspondent
Dr. Partha Pratim Biswas

Contact & Permanent Office Address :
22/6-7, Aamader Bari (5th floor)
B-6, 26 Dag, Tolarbag, Mirpur-1
Dhaka-1216, Bangladesh.
Mobile : 01748152536, 01914030963

প্রতিষ্ঠাতা নির্বাহী সম্পাদকঃ
হাসিনা বেগম, এম.এ. (ঢা.বি)

সম্পাদকীয় কার্যালয় ঃ
রুম নং-৩১৭, পর্বতা টাওয়ার (৩য় তলা) প্লট ৪-৬, বেগম রোকেয়া স্মরণী, মিরপুর-১০ ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইল ঃ ০১৭৪৮১৫২৫৩৬, ০১৯১৪০৩০৯৬৩
ইমেইল ঃ bpoultryfish@yahoo.com

মুদ্রণ ঃ আপন প্রিন্টিং এন্ড প্যাকেজিং ৬/সি, নয়া পল্টন, ঢাকা।

রেজিঃ নং ঃ ডি এ নং-৬০৬৫/১০

গ্রাফিক্স ডিজাইন ঃ সাউথ বাংলা প্রিন্টিং

ডিজাইনার ঃ শুভ দাস, +৮৮০ ১৭১৬ ০০ ৭৭ ১০

মূল্যঃ ১০০ টাকা।



বাংলাদেশে পোল্ট্রি খাতে নতুন প্রস্তাবিত নীতিমালা প্রসঙ্গে

দীর্ঘদিন ধরে বাংলাদেশের পোলট্রি খাত একটি গুরুত্বপূর্ণ কৃষি উপখাত হিসেবে দেশের পুষ্টি নিরাপত্তা, কর্মসংস্থান সৃষ্টি এবং গ্রামীণ অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। তবে টেকসই উন্নয়ন, মানসম্মত উৎপাদন, রোগ নিয়ন্ত্রণ, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ এবং খাতটির বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলার জন্য একটি সমন্বিত ও যুগোপযোগী নীতির প্রয়োজনীয়তা দীর্ঘদিন ধরেই অনুভূত হচ্ছিল। এই প্রেক্ষাপটে দীর্ঘ অপেক্ষার পর প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশের পোলট্রি খাতের টেকসই উন্নয়নের লক্ষ্যে একটি পোলট্রি নীতি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে, যা নিঃসন্দেহে একটি প্রশংসনীয় ও সময়োপযোগী পদক্ষেপ। এই নীতির মাধ্যমে আধুনিক প্রযুক্তির ব্যবহার, বায়োসিকিউরিটি জোরদার, রোগ প্রতিরোধ ও ব্যবস্থাপনা, মানসম্মত খাদ্য ও ভ্যাকসিন সরবরাহ, পরিবেশবান্ধব উৎপাদন ব্যবস্থা এবং ক্ষুদ্র ও মাঝারি খামারিদের সুরক্ষা নিশ্চিত করার সুযোগ সৃষ্টি হবে এটাই আমাদের কামনা। তবে একই সঙ্গে বাস্তব অভিজ্ঞতার আলোকে দেখা যাচ্ছে যে, খাতটির সঙ্গে সংশিষ্ট কিছু বিদ্যমান নীতি, বিধিমালা ও নির্দেশনা বর্তমান বাস্তবতা ও আন্তর্জাতিক মানের সঙ্গে পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ নয়। সেকারণে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে এসব নীতি ও বিধিমালা পুনর্বিবেচনা ও প্রয়োজনীয় সংশোধনের বিষয়টি নতুন পোলট্রি নীতিতে অন্তর্ভুক্ত করা অত্যন্ত জরুরি।
বিশেষ করে প্যারেন্ট স্টক আমদানি নীতি বিষয়ক, ফিড ম্যানুফ্যাকচারিং লাইসেন্স বিষয় টেকনিক্যাল কমিটি গঠন, নিরাপদ পোলট্রি পণ্যের ট্রেসেবিলিটি ব্যবস্থা, পোলট্রি বর্জ্য ব্যবস্থাপনা নীতি সর্বোপরি, ক্ষুদ্র ও প্রান্তিক খামারিদের টিকে থাকার ব্যবস্থাগুলো হালনাগাদ করা প্রয়োজন বলে মনে করি।

ঢাকায় আড়ম্বরপূর্ণ ও জাঁকজমকভাবে '৬ষ্ঠ AHCAB ইন্টারন্যাশনাল এক্সপো ২০২৬' সফলভাবে অনুষ্ঠিত

কৃষিপ্রধান বাংলাদেশের সমৃদ্ধ অর্থনীতির অন্যতম ভিত্তি টেকসই কৃষি, নিরাপদ খাদ্য, এই বিষয়কে সামনে রেখে বাংলাদেশের প্রাণিস্বাস্থ্য খাতকে আরও এক ধাপ এগিয়ে নিতে গত ৮ থেকে ১০ জানুয়ারি-২০২৬ রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (iccb)-তে অনুষ্ঠিত হয় বহুল প্রতীক্ষিত "৬ষ্ঠ AHCAB ইন্টারন্যাশনাল এক্সপো ২০২৬"। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "Healthy Animal, Thriving Notion" প্রাণিস্বাস্থ্য, পুষ্টি ও সেবা খাতের শিল্পের এই আন্তর্জাতিক প্রদর্শনীর আয়োজন করে "এনিমেল হেলথ কোম্পানিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (AHCAB)।
প্রদর্শনীতে দেশ ও বিদেশের শীর্ষস্থানীয় প্রাণিস্বাস্থ্য ও ভেটেরিনারি প্রতিষ্ঠান, গবেষক, বিজ্ঞানী, উদ্যোক্তা ও নীতিনির্ধারকরা একত্রিত হন। ভ্যাকসিন, ভেটেরিনারি ওষুধ, ফিড ও নিউট্রিশন, ডায়াগনস্টিকস, বায়োসিকিউরিটি, লাইভস্টক ও একোয়াকালচার খাতের আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবনী পণ্যের প্রদর্শনীর পাশাপাশি মতবিনিময় ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ তৈরি করে এই আন্তর্জাতিক আয়োজনে।
আয়োজকদের মতে, "AHCAB ইন্টারন্যাশনাল এক্সপো-২০২৬" কেবল একটি প্রদর্শনী নয়; এটি শিল্পের ভবিষ্যৎ দিকনির্দেশনা নির্ধারণ, নতুন বিনিয়োগ আকর্ষণ এবং আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণের একটি কার্যকর প্ল্যাটফর্ম।

সাউথ কোরিয়ার বিশ্বখ্যাত প্রাণিপুষ্টি পণ্যসামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান SUNG-WON CO., LTD. এর জেনারেল ম্যানেজিং ডাইরেক্টর Seong Yong Lah এর বাংলাদেশ সফর





সম্প্রতি সাউথ কোরিয়ার বিশ্বখ্যাত প্রাণিপুষ্টি পণ্যসামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান SUNG-WON CO., LTD. এর জেনারেল ম্যানেজিং ডাইরেক্টর Seong Yong Lah বাংলাদেশ সফর করেছেন। তিনি গত ১৪ জানুয়ারি বাংলাদেশ আগমন করেন। এসময় তার সফরসঙ্গী ছিলেন Mr. Kwon Tong Hyok, Quality Control Manager। বাংলাদেশে অবস্থানকালে তাঁরা এদেশের প্রথিতযশা ও স্বনামধন্য ফিড মিলগুলোর প্রধান অফিসসমূহ পরিদর্শন করেন এবং এদেশের নিউট্রিশনিষ্টদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। তিনি বাংলাদেশের পোল্ট্রি শিল্পের উন্নতিতে ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, আমি প্রথমে এরকম আতিথিয়েতা আশা করিনি। আমাদের জন্য যা করেছেন তার জন্য আপনাকে (ডা.মুনিরকে) ধন্যবাদ। ঢাকায় ১০ দিনের এই স্মৃতি আমার মনে চিরকাল থাকবে। ডা.মুনির সান এগ্রোর কর্ণধার ও সিইও আমার সবচেয়ে বড় অংশীদার এবং তারপর আমার ভালো বন্ধু।

বাংলাদেশে তাঁদের একমাত্র পরিবেশক Sun Agro pharma। সফরের শেষ দিনে তাঁরা Sun Agro pharma এর নয়াপল্টনস্থ প্রধান অফিসে এক মতবিনিময় অনুষ্ঠানে যোগ দেন। Sun Agro pharma এদেশে উদীয়মান ও প্রতিশ্রুতিশীল এক কোম্পানী। দীর্ঘদিন যাবৎ তাঁরা এদেশে প্রাণিসম্পদ শিল্পে নিরলসভাবে সেবা দিয়ে আসছেন। একদল তরুণ ও স্মার্ট অফিসারবৃন্দ নিয়ে গড়া Sun Agro pharma। প্রতিষ্ঠানের কর্ণধার ও সিইও ডাঃ মোহাম্মদ মনির হোসেন বলেন, আমি ২০১৮ সালে আমার ব্যবসা শুরু করি। বর্তমানে SUNG-WON CO., LTD. কোম্পানীর সাথে ব্যবসা ভালো চলছে। আমার অনুরোধে বাংলাদেশে একজন কান্ট্রি ম্যানেজার নিয়োগ দেয়া হয়েছে, এজন্য তিনি Lah কে ধন্যবাদ জানান। ইন্সিটিটিউশনাল মার্কেটে এই কোম্পানীর পণ্যসমূহের প্রচুর চাহিদা সৃষ্টি হয়েছে। এই কোম্পানীর কক্সিডিওষ্ট্যাট প্রোডাক্ট খুবই উন্নতমানের। আমি বরাবর একটি জিনিস কে প্রাধান্য দেই, তাহলো কোয়ালিটি। আমি বিশ্বাস করি কোয়ালিটি বজায় রেখে পোল্ট্রি খাতের সেবাই নিজেকে নিয়োজিত রাখবো। আমি আমার দীর্ঘ বন্ধুত্বের সম্পর্কের ধারাবাহিকতা ধরে রাখবো কোয়ালিটি দিয়ে। আমি পোল্ট্রি শিল্পের সাথে নিজেকে জড়িয়ে নিজে লাভবান হব এই আশা প্রত্যাশা করি না। আমার মাধ্যমে কিভাবে খামারি ও পোল্ট্রি খাতের সেবা নিশ্চিত হবে সেই লক্ষ্য নিয়ে আমি আমার কাজ করে যাচ্ছি। আমি পোল্ট্রি শিল্পের সকলকে বলবো Sun Agro pharma কোয়ালিটি পণ্য সরবারাহ করে। আপনারা বিশ্বাস এর সাথে সবাই ব্যবহার ও গ্রহণ করতে পারেন।

উক্ত মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ শফিকুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর Sun Agro pharma। তিনি মি. Seong young lah কে উদ্দেশ্য করে বলেন, আপনি আপনার প্রোডাক্টসমূহের গুণগত মান বজায় রাখবেন। আর গত ১০ দিন বাংলাদেশের অভিজ্ঞতা আর মার্কেটের পরিস্থিতি আপনার কাছে কেমন মনে হচ্ছে? আমি বরাবর কোয়ালিটি প্রোডাক্ট ও ১০০ % কোয়ালিটি পণ্য আমদানিতে আগ্রহ প্রকাশ করি। আপনার কাছে অনুরোধ থাকবে, আপনি আপনার প্রোডাক্ট এর গুণগতমানের যে কোয়ালিটি আছে, সেটা বজায় রাখবেন। আর আমাদের এই সম্পর্ক আরো মজবুত ও দীর্ঘস্থায়ী হোক এই কামনা করি। আপনার সুস্থতা কামনা করছি।

মোঃ মিলন হোসেন, এসিসট্যান্ট সেলস্ ম্যানেজার (Sun Agro pharma) বলেন, Sung-won co., ltd. কোম্পানির জেনারেল ম্যানেজিং ডাইরেক্টর Seong young lah কে বাংলাদেশের পক্ষ থেকে এবং Sun Agro Farma পরিবারের পক্ষ থেকে আমি আন্তরিক শুভেচ্ছা ও স্বাগতম জানাচ্ছি। আপনার এই সফর আমাদের জন্য অত্যন্ত সম্মানের এবং এটি দুই দেশের মধ্যে কৃষি পোল্ট্রি ও ব্যবসায়িক সহযোগিতাকে আরও সুদৃঢ় করবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। আপনার অভিজ্ঞতা, দিকনির্দেশনা ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে আমরা ভবিষ্যতে আরও টেকসই ও উদ্ভাবনী অগ্রযাত্রা গড়ে তুলতে পারব, এই প্রত্যাশাই রাখি।"

ডাঃ মোঃ মনিরুজ্জামান সুজন, কান্ট্রি ম্যানেজার, (SUNG-WON CO., LTD.) বলেন, পোল্ট্রি শিল্পের সাথে জড়িত সকলের অবগতির জন্য জানাতে চাই যে, Sung-Won এর সাথে আমার যাত্রা মূলত কক্সিডিউসিস মার্কেটের জন্য। আমি আসলে এখানে Sung-Won কোম্পানির সকল কক্সিডিউসিস নিয়ে কাজ করছি, তাদের সঠিক ও মানস্মমত প্রোডাক্ট এর প্রতি বিশ্বাস রাখতে সকল পোল্ট্রি শিল্পের কর্ণধার ও নিউট্রিশনিষ্টদের অনুরোধে জানাবো। Sung-Won কোম্পানি ১০০% কোয়ালিটি বজায় রেখেই তারা বাংলাদেশের মার্কেটে প্রোডাক্ট সরবারাহ করছে।

মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, ডাঃ মোঃ রুবেল হোসেন, কান্ট্রি ম্যানেজার, (Alifvet, India.), এম.এ তানভীর ইবনে মাহমুদ, সি. বিজনেস ডেভলপমেন্ট ম্যানেজার (Sun Agro pharma), ডাঃ সৈয়দ বিনয় আমিন হৃদয়, বিজনেস ডেভলপমেন্ট ম্যানেজার, (Sun Agro pharma) এবং কৃষিবিদ সাজেবুল হক তরফদার, জোনাল ম্যানেজার (Sun Agro pharma)। তাছাড়া উক্ত অফিসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন মতবিনিময় অনুষ্ঠানে।

VICTAM Asia

IN CO-LOCATION WITH grapas asia grain & feed | HEALTH & NUTRITION ASIA





REGISTER NOW

THE TOTAL EVENT FOR ANIMAL FEED MILLING AND GRAIN PROCESSING & HANDLING RETURNS TO THAILAND

Meet the technologies, suppliers, and specialists shaping the future of poultry feed, aqua feed and production in Asia.
All under one roof.

10-12 MARCH 2026

BITEC CENTRE BANGKOK
THAILAND

Scan the qr-code or visit victamasia.com
Register and visit VICTAM Asia 2026 for Free

আর.আর.পি গ্রুপের সাফল্যের পালকে আরো নতুন যুক্ত হলো দেশের একমাত্র 'ভেটেরিনারি ফার্মাসিউটিক্যালস'



মোঃ আফজাল হোসেন, ঈশ্বরদি, পাবনা, ১৬ জানুয়ারি-২০২৬ঃ আর.আর.পি গ্রুপের স্বর্ণপালকে আরো নতুন যুক্ত হলো দেশের একমাত্র 'ভেটেরিনারি ফার্মাসিউটিক্যালস'। আর.আর.পি গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান আর.আর.পি ফার্মাসিউটিক্যালস (ভেটেরিনারি)-এর বর্ণাঢ্য ও জমকালো উদ্বোধনী অনুষ্ঠান (Grand Opening) অনুষ্ঠিত হল গত ১৬ জানুয়ারি-২০২৬ শুক্রবার পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার সরাইকান্দির, মুলাডুলিতে। আধুনিক প্রযুক্তি, আন্তর্জাতিক মান এবং খামারিবান্ধব দৃঢ় প্রত্যয় নিয়ে যাত্রা শুরু করা আরআরপি দেশের প্রাণিসম্পদ খাতে নতুন আশার সঞ্চার করবে বলে আশা প্রকাশ করেন আয়োজকবৃন্দ।

আরআরপি গ্রুপের সমস্ত অঙ্গসংগঠনের সঙ্গে জড়িত ব্যক্তিবর্গ এবং শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন ব্যক্তিবর্গ সর্বোপরি, প্রাণিসম্পদ অধিদপ্তরের এর ডিজিসহ অধিদপ্তরের বিপুল সংখ্যক কর্মকর্তবৃন্দ Grand Opening অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে প্রাণিসম্পদ অধিদপ্তরের ডিজিসহ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের



কর্মকর্তাদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পবিত্র কোরআন তেলাওয়াত এর পর মানপত্র পাঠ করেন আরআরপি গ্রুপের ভবিষ্যৎ কর্ণধারদের একজন আরিকুল ইসলাম প্রান্ত। মানপত্র পাঠের পর আর.আর.পি গ্রুপের পরিচালক মোঃ আজমল হোসেন তার স্বাগত বক্তব্যে বলেন, প্রাথমিকভাবে আর.আর.পি ফার্মাসিউটিক্যালস (ভেটেরিনারি) ১০টি ভেটেরিনারি ওষুধ (Product) উৎপাদন ও বাজারজাত করবে। পর্যায়ক্রমে ভ্যাকসিন উৎপাদনের পরিকল্পনাও রয়েছে আর.আর.পি ফার্মাসিউটিক্যালস এর। তিনি আর.আর.পি গ্রুপের পথচলা, লক্ষ্য ও প্রাণিসম্পদ খাতে বিনিয়োগের কথা তুলে ধরেন। তিনি বলেন, আমাদের পথচলা প্রায় ২৪ বছর। এরই ধারাবাহিকতায় আমরা এদেশে খামারীদের দোরগোড়ায় পৌঁছে দিয়েছি আমাদের সেবাসমূহ। রফিক মেডিসিন দিয়েই আমরা আমাদের যাত্রা শুরু করি। বর্তমানে আর.আর.পি গ্রুপে মোট ৬টি প্রতিষ্ঠান চলমান। গত দুবছর আগে আর.আর.পি'র আর একটি প্রতিষ্ঠান 'আর.আর.পি ফুটওয়্যারস এন্ড লেদার গুডস' নামে আর একটি রপ্তানীমূখী প্রতিষ্ঠান উদ্বোধন করি। এদেশে বৈদেশিক মুদ্রা যোগান দেওয়ার উদ্যেশে কাজ করে যাচ্ছি। ইতোমধ্যে পৃথিবীর উন্নত দেশে এগুলো আমরা রপ্তানী করে আসছি। আর.আর.পি এগ্রো ফার্ম স্থাপিত হয় ২০১০ সালে। প্রথমে আমরা আমাদের খামারীদের ওষুধের পাশাপাশি একদিনের বাচ্চা সরবরাহ শুরু করি। বাচ্চার পাশাপাশি খামারীদের চাহিদার পরিপ্রেক্ষিতে ২০১৩ সালে ফিড প্রোডাকশন শুরু করি। ক্রমানুযায়ী মেডিসিন উৎপাদন ছিল আমাদের স্বপ্নের। আমরা ভ্যাকসিন ও মেডিসিন উৎপাদনকারী উন্নত প্রযুক্তি নির্ভর দেশসমূহ থেকে আমদানী করে বাজারজাত করি। এরপর আমরা চিন্তাভাবনা শুরু করি, ভেটেরিনারি ওষুধ এদেশেই উৎপাদন করবো। প্রশাসন আমাদের প্রচুর সহযোগিতা করেছে। ওষুধ প্রশাসন বর্তমানে ১০টি ওষুধ প্রডাকশনের অনুমতি দিয়েছেন। আমরা এখুনি বাজারজাত শুরু করে দিয়েছি। আমরা সবসময় কোয়ালিটি পণ্য উৎপাদন ও সরবরাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ। আমরা ফার্মাসিউটিক্যালি ওষুধগুলো রপ্তানী করবো। আশা করি আগামী ২ বছরের মধ্যে আমরা আমাদের সব ধরণের পণ্যের উৎপাদন করতে সক্ষম হবো। প্রাণির ইমুনিটি বিল্ডাপ করে এমন ধরণের পণ্য প্রস্তুত করার পরিকল্পনা আছে।

এরপর, আলোচক বক্তাগণ আর.আর.পি গ্রুপের প্রতিটি পণ্য ও সেবার ভূয়সী প্রশংসা করেন। প্রত্যেক আলোচক ভেটেরিনারি ওষুধের মূল্য নির্ধারণের ক্ষেত্রে প্রান্তিক ও ক্ষুদ্র খামারিদের সক্ষমতার বিষয়টি বিশেষভাবে বিবেচনা নেয়ার আহ্বান জানান এবং একই সঙ্গে পণ্যের গুণগত মানে কোনো ধরনের আপোষ না করার অনুরোধ করেন।

আর.আর.পি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মনছুর আলম বলেন, আমি নিজেই একজন খামারী, আমি নিজেই একজন কৃষক। আমার উৎপাদিত পণ্যের মানের ক্ষেত্রে কোনো অবস্থাতেই ছাড় দেওয়া হবে না এবং আন্তর্জাতিক মান বজায় রেখেই ওষুধ উৎপাদন করা হবে। পাশাপাশি খামারি পর্যায়ে ভেটেরিনারি পণ্যের দাম সহনীয় ও যৌক্তিক পর্যায়ে রাখার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আর.আর.পি ফার্মাসিউটিক্যালস (ভেটেরিনারি)-এর সিইও Seong Gi Kim (Mark, DVM) বিশেষ উৎপাদন প্রক্রিয়া, কঠোর মান নিয়ন্ত্রণ ব্যবস্থায় পণ্য উৎপাদন এবং ভবিষ্যৎ পরিকল্পনা প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন। তিনি বলেন, আন্তর্জাতিক মানের প্রযুক্তি ও দক্ষ মানবসম্পদ ব্যবহার করে দেশের প্রাণিসম্পদ খাতের জন্য নিরাপদ, কার্যকর ও মানসম্মত ভেটেরিনারি ওষুধ নিশ্চিত করেই বিদেশে রপ্তানীর পরিকল্পনার কথা জানান। তিনি আরো বলেন, এখন কোরিয়া থেকে আমদানী নয়, আমরা কোরিয়াতেই রপ্তানী করবো।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ আবু সুফিয়ান। তিনি বলেন, দেশীয় উদ্যোগে মানসম্মত ভেটেরিনারি ওষুধ ও ভবিষ্যতে ভ্যাকসিন উৎপাদন প্রাণিসম্পদ খাতের টেকসই উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ ধরনের শিল্পপ্রতিষ্ঠান প্রাণিস্বাস্থ্য সুরক্ষা, উৎপাদন বৃদ্ধি এবং আমদানি নির্ভরতা হ্রাসে কার্যকর অবদান রাখবে বলেও তিনি উল্লেখ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো যাঁরা উপস্থিত ছিলেন, ঔষধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক মোঃ আশরাফ হোসেন, প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক (উৎপাদন) ড. এ. বি. এম. খালেদুজ্জামান, এ্যাডওয়ার্ড বিশ্ববিদ্যালয় এন্ড কলেজ, পাবনার প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক নিত্যগোপাল আশ, প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক (উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য শাখা) ডা. মোঃ শাহিনুর ইসলাম, প্রাণিসম্পদ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ শরিফুল হক, ঔষধ প্রশাসন অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ ওয়াহিদুর রহমান, ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়, রাজশাহীর উপ-পরিচালক কে. এম. মুহসীনিন মাহবুব, ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ মুহিদ ইসলাম, প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ এ. কে.এম রকিবুল হাসান, প্রাণিসম্পদ অধিদপ্তরের ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ আবু হাসান লাভলু,



প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজশাহী বিভাগের পরিচালক ডাঃ আনন্দ কুমার অধিকারী, প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ তারেক হোসেন, প্রাণিসম্পদ অধিদপ্তরের উপ-পরিচালক ডাঃ সাখাওয়াত হোসেন, ঔষধ প্রশাসন অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ সামছু উদ্দিন, ঔষধ প্রশাসন অধিদপ্তরের উপ-পরিচালক তানভীর আহমেদ, প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান, প্রাণিসম্পদ অধিদপ্তরের স্টাফ অফিসার ড. মোঃ সোহেল রানা এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ড. মোঃ নজরুল ইসলাম।





অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আর.আর.পি ফার্মাসিউটিক্যালস (ভেটেরিনারি)-এর মার্কেটিং ম্যানেজার ডা. সুকান্ত ভৌমিক এবং আর.আর.পি গ্রুপের এজিএম (প্রশাসন) মাজহারুল ইসলাম। অনুষ্ঠানের শেষপর্বে অতিথিবৃন্দ নতুন এই ভেটেরিনারি ফার্মাসিউটিক্যাল প্রতিষ্ঠানের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

এছাড়াও অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আর.আর.পি গ্রুপের চেয়ারম্যান মোঃ মনিরুল আলম। আর.আর.পি. গ্রুপ-এর প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ জুয়েল কাদির, মহাব্যবস্থাপক ডা. মোহাম্মদ মনিরুজ্জামানসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

দেশের প্রাণিসম্পদ ও ভেটেরিনারি খাতে মানসম্মত ও আধুনিক ওষুধ উৎপাদনের পথে নতুন এক মাইলফলক স্থাপিত হলো বলে উপস্থিত গণ্যমাণ্য ব্যক্তিবর্গ এমনটাই মনে করেন।







চূড়ান্ত খসড়া

জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা ২০২৬

'মুরগির বাচ্চা আমদানি বন্ধ হলে সংকটে পড়বে খাদ্যনিরাপত্তা ও প্রান্তিক খামারি'

'পোল্ট্রি উন্নয়নের খসড়া নীতিমালা নিয়ে খাত সংশ্লিষ্টদের উদ্বেগ'

নিজস্ব প্রতিবেদকঃ 'জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা-২০২৬'-এর চূড়ান্ত খসড়ায় বাণিজ্যিক পোল্ট্রি পালনের জন্য একদিন বয়সী মুরগির বাচ্চা আমদানি নিষিদ্ধ করার সিদ্ধান্তে উদ্বেগ প্রকাশ করেছেন খাতসংশ্লিষ্টরা। তাঁরা দাবি করছেন, নীতিমালাটি হুবহু বাস্তবায়িত হলে দেশে প্রায় ৬০ হাজার কোটি টাকার এই শিল্পে বড় ধরনের শঙ্কা তৈরি হবে। একই সঙ্গে এই সিদ্ধান্তে খাদ্যনিরাপত্তা বিঘ্নিত হবে এবং ভোক্তাস্বার্থ ক্ষুন্ন হবে বলেও আশঙ্কা প্রকাশ করেছেন তাঁরা।



মঙ্গলবার (২০ জানুয়ারি-২০২৬) গণমাধ্যমে পাঠানো বিজ্ঞপ্তিতে এ উদ্বেগ প্রকাশ করেন খামারি-ভোক্তারা। সাধারণত এদেশে একদিন বয়সী মুরগীর বাচ্চা আমদানী করা হয় না। জিপি ও পিএস এর একদিন বয়সী বাচ্চা আমদানি করা হয়। কিন্তু কথা হলো, মুরগীর বাচ্চা আমদানি বন্ধ হলে, তখন যদি কোন কারণে একদিন বয়সী বাচ্চা সংকট হয়, তখন সেক্টর মহাসংকটে পড়বে। এজন্য আইন করে বন্ধ হলে আমলাতান্ত্রিক জটিলতা কাটিয়ে দ্রুত বাচ্চা আনা কঠিন হয়ে পড়বে।

'বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন'সহ পোল্ট্রি শিল্পের সঙ্গে যুক্ত একাধিক ব্যক্তির সঙ্গে কথা বলে এই উদ্বেগের বিষয়টি জানা যায়। চলতি মাসের ১৩ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে 'জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা-২০২৬'-এর খসড়া প্রকাশ করা হয়েছে।

খসড়া নীতিমালার ৫.৮.১.২ অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে, 'বাণিজ্যিক পোল্ট্রি পালনের জন্য একদিন বয়সী বাচ্চা আমদানি করা যাবে না। কেবল একদিন বয়সী গ্র্যান্ড প্যারেন্টস্টক এবং বাচ্চার সংকট দেখা দিলে ক্ষেত্রবিশেষে প্যারেন্টস্টক আমদানি করা যাবে।' প্রাণিসম্পদ অধিদপ্তরের পক্ষ থেকে বলা হচ্ছে, দেশীয় উৎপাদন সক্ষমতা বৃদ্ধি করে ধীরে ধীরে আমদানিনির্ভরতা কমানোই এই নীতিমালার প্রধান লক্ষ্য। তবে খাতসংশ্লিষ্টদের মতে, বাস্তবে দেশে একদিন বয়সী বাচ্চা উৎপাদন এখনো সীমিত কয়েকটি প্রতিষ্ঠানের ওপর নির্ভরশীল। এসব প্রতিষ্ঠানের কোনো একটিতে বার্ডফ্লু বা বড় ধরনের রোগ সংক্রমণ দেখা দিলে উৎপাদন কার্যক্রম হঠাৎ বন্ধ হয়ে যেতে পারে। এতে প্রতিদিনের প্রয়োজনীয় বাচ্চা সরবরাহ ব্যাহত হলে ব্রয়লার ও লেয়ার উৎপাদন কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, যদি বাচ্চা আমদানির পথ খোলা থাকে, তবে সংকটকালে কয়েকটি কোম্পানি একচেটিয়া ব্যবসা করতে পারবে না। পাশাপাশি সংকটময় মুহূর্তে বাচ্চার দরকার হলেই হুট করে গ্র্যান্ড প্যারেন্টস্টক আমদানি করা সম্ভব হবে না। কেননা, আমদানির এই প্রক্রিয়া সম্পন্ন করতে বেশ সময়ের প্রয়োজন হয়।

'বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন' বলছে, প্রয়োজনীয় প্রস্তুতি ও বিকল্প উৎপাদন সক্ষমতা নিশ্চিত না করে এই সিদ্ধান্ত কার্যকর করা হলে দেশে ডিম ও মুরগির মাংসের সরবরাহ ব্যাহত হতে পারে; যা সরাসরি জাতীয় খাদ্যনিরাপত্তা ও বাজার স্থিতিশীলতার ওপর নেতিবাচক প্রভাব ফেলবে। ডিম ও মুরগির মাংস দেশের সাধারণ মানুষের জন্য সবচেয়ে সহজলভ্য ও সাশ্রয়ী প্রাণিজ প্রোটিনের উৎস। বাচ্চার সংকট তৈরি হলে উৎপাদন ব্যয় বাড়বে, যার সরাসরি প্রভাব পড়বে ভোক্তা পর্যায়ে। এতে ডিম ও মুরগির মাংসের দাম বেড়ে গেলে নিম্ন ও মধ্যম আয়ের মানুষের প্রোটিন গ্রহণ বাধাগ্রস্ত হতে পারে, যা জাতীয় খাদ্যনিরাপত্তার জন্য উদ্বেগজনক। জরুরি প্রয়োজনে বাচ্চা বা প্যারেন্টস্টক আমদানির প্রয়োজন হলেও তা দীর্ঘ ও জটিল প্রশাসনিক প্রক্রিয়ার মধ্য দিয়ে করতে হয়। ফলে আকস্মিক সংকট দেখা দিলে তাৎক্ষণিকভাবে আমদানির মাধ্যমে বাজার স্থিতিশীল রাখা কার্যকরভাবে সম্ভব হয় না। একদিন বয়সী বাচ্চা আমদানি পুরোপুরি বন্ধ করা হলে বাজারে সরবরাহ ঘাটতি তৈরি হওয়ার পাশাপাশি প্রান্তিক খামারিরা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হতে পারেন।

পোল্ট্রি সংগঠনগুলোর তথ্য বলছে, দেশে প্রতিদিন শুধু ব্রয়লার মুরগির বাচ্চা উৎপাদন হয় ২০ লাখ। এসব বাচ্চা কোম্পানিগুলো উৎপাদন করে। একেকটি মুরগির বাচ্চা উৎপাদনে খরচ হয় ২৮ থেকে ৩০ টাকা। কিন্তু অনেক সময় ২০ টাকার বাচ্চা ৪৮ থেকে ৫০ টাকায় কিনতে হয় খামারিদের। ব্রয়লার মুরগির বাচ্চার অস্বাভাবিক দামের কারণ প্রান্তিক খামারিরা ক্ষতি পোষাতে না পেরে খামার বন্ধ

করে উৎপাদন থেকে ছিটকে পড়েছেন। এ সুযোগে করপোরেট প্রতিষ্ঠানগুলো পোল্ট্রির ফিড বা খাবার ও মুরগির বাচ্চার দাম বাড়িয়ে দিয়েছে। প্রান্তিক খামারি উৎপাদনে গেলে তখন বাজারে দাম কমিয়ে দিয়ে ক্ষতিতে ফেলছেন। পোলট্রি ফিড ও মুরগির বাচ্চা শতভাগ উৎপাদন করে করপোরেট প্রতিষ্ঠান। তারাই আবার আংশিক ডিম ও মুরগি উৎপাদন করে। চুক্তিভিত্তিক খামারও রয়েছে তাদের। এতে করে বাজার তাদের দখলে চলে যাচ্ছে। এটা বন্ধ করা না গেলে এই খাতের অস্থিরতা কমানো সম্ভব নয়।

পোল্ট্রি প্রোডাকশন অ্যান্ড সাপ্লাই চেইন স্পেশালিস্ট কৃষিবিদ অঞ্জন মজুমদার বলেন, 'এই নীতিমালাটি বাস্তবায়িত হলে ত্রিমুখী একটা সংকট তৈরি হবে। সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন হবেন প্রান্তিক খামারি ও ভোক্তারা। এই নীতিমালা বাস্তবায়নের আগে একটা গণশুনানি করা প্রয়োজন, যেখানে সব স্টেকহোল্ডার অংশগ্রহণ করে তাঁদের মতামত দেবেন। তারপর বিশেষজ্ঞদের মতামত নিয়ে এটি অনুমোদন দেওয়া উচিত। প্রায় ৬০ হাজার কোটি টাকার শিল্পে এমন একটি নীতিমালা করা উচিত হবে না, যা নিয়ে সমালোচনার সৃষ্টি হয়। বিশেষ করে খামারিদের ওপর নেতিবাচক প্রভাব পড়ে এমন কিছুই করা উচিত হবে না। আমদানি নিষিদ্ধের দিকে নজর না দিয়ে বাজার ব্যবস্থাপনা ও প্রান্তিক খামারিদের দিকে গুরুত্ব দেওয়া উচিত।'

পোল্ট্রি খাতের উদ্যোক্তারা বলছেন, নীতিমালা প্রণয়নের আগে মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টাসহ সংশ্লিষ্টদের উপস্থিতিতে আয়োজিত একাধিক বৈঠকে তাঁরা একদিন বয়সী বাচ্চা আমদানি বন্ধ না করার পক্ষে মত দিয়েছিলেন। সে সময় অধিকাংশ অংশগ্রহণকারী খাদ্যনিরাপত্তা ও ভোক্তাস্বার্থের বিষয়টি বিবেচনায় নেওয়ার ওপর জোর দিলেও চূড়ান্ত খসড়ায় নিষেধাজ্ঞার সিদ্ধান্তযুক্ত হওয়ায় তাঁরা হতাশা প্রকাশ করেছেন। অবশ্য সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, 'জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা-২০২৬' বাস্তবায়নের মাধ্যমে দেশীয় পোল্ট্রি শিল্পকে আরও সংগঠিত ও শক্তিশালী করা হবে এবং দীর্ঘমেয়াদে খাদ্যনিরাপত্তা জোরদার করা হবে।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অ্যানিমেল প্রোডাকশন অ্যান্ড ম্যানেজমেন্ট বিভাগের **অধ্যাপক ড. মোঃ সাইফুল ইসলাম** বলেন, 'আমদানি বন্ধ করার আগে আমাদের সংকটকালে সমস্যা তৈরি হওয়ার শঙ্কা আছে কি না এবং যদি শঙ্কা থাকে, তবে তার বিকল্প কী ব্যবস্থা রাখা হয়েছে, সেটা খুবই গুরুত্বপূর্ণ। পাশাপাশি মুরগির বাচ্চা আমদানি বন্ধের সিদ্ধান্ত নেওয়ার আগে সব অংশীজনের যেন ইতিবাচক মত থাকে, সেটাও অবশ্যই দেখতে হবে। এ ধরনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বাস্তবায়নের আগে পর্যাপ্ত প্রস্তুতি, উৎপাদন সক্ষমতা বৃদ্ধি এবং জরুরি পরিস্থিতিতে দ্রুত ব্যবস্থা নেওয়ার কার্যকর কাঠামো নিশ্চিত না করা হলে নীতির লক্ষ্য অর্জনের বদলে পোল্ট্রি শিল্প, খামারি ও ভোক্তা, সবাই চাপের মুখে পড়তে পারেন।'

এ বিষয়ে 'বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনে'র **(বিপিআইএ) সভাপতি মোশারফ হোসাইন চৌধুরী** বলেন, 'পোল্ট্রি শিল্প কেবল একটি ব্যবসায়িক খাত নয়, এটি দেশের খাদ্যনিরাপত্তার গুরুত্বপূর্ণ অংশ। তাই যে সিদ্ধান্তই নেওয়া হোক না কেন, তা যেন প্রান্তিক খামারিদের পক্ষে যায়, সেটা আগে ভাবতে হবে। খামারিরা যেন সঠিক সময়ে ন্যায্য মূল্যে বাচ্চা পান, সেটা আগে নিশ্চিত করতে হবে।'

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের **ডিন প্রফেসর ও পোল্ট্রি বিশেষজ্ঞ ড. মোঃ বাহানুর রহমান** বলেন, দেশে প্রতিদিন পোল্ট্রির একদিন বয়সী বাচ্চার একটি নির্দিষ্ট ও স্বাভাবিক চাহিদা রয়েছে। এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে আমাদের শান্তভাবে ও বাস্তবতার আলোকে বিবেচনা করতে হবে, দেশীয় উৎপাদনের মাধ্যমে এই চাহিদা সম্পূর্ণভাবে পূরণ করার সক্ষমতা বর্তমানে কতটুকু আছে। একই সঙ্গে খেয়াল রাখতে হবে, উৎপাদিত বাচ্চা খামারিদের কাছে ন্যায্য ও সহনীয় দামে নিয়মিতভাবে সরবরাহ করা যাচ্ছে কি না।

প্রফেসর ড. বাহানুর রহমানের মতে, আইন করে আমদানি নিষিদ্ধ করা একটি সংবেদনশীল বিষয়, যা অত্যন্ত সতর্কতার সঙ্গে বিবেচনা করা দরকার। বর্তমানে দেশে একদিন বয়সী পোল্ট্রি বাচ্চা উৎপাদনে সরকারের নিজস্ব বড় কোনো প্রতিষ্ঠান নেই। ফলে সংকটকালে তাৎক্ষণিক ও কার্যকর সরকারি সহায়তা দেওয়ার সুযোগও সীমিত। যেহেতু এই খাতটি মূলত বেসরকারি উদ্যোগের ওপর নির্ভরশীল, তাই যেকোনো বড় নীতিগত সিদ্ধান্ত গ্রহণের আগে সংশ্লিষ্ট সব পক্ষের মতামত শোনা এবং আলোচনার মাধ্যমে এগোনো অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, এ বিষয়ে খাত সংশ্লিষ্টদের মধ্যে যদি ভিন্নমত বা কোনো ধরনের উদ্বেগ থাকে, তাহলে তা গুরুত্বের সঙ্গে বিবেচনা করা প্রয়োজন। এ ক্ষেত্রে তাড়াহুড়া করে সিদ্ধান্ত নেওয়ার পরিবর্তে যথেষ্ট সময় নিয়ে আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে সবার জন্য গ্রহণযোগ্য, বাস্তবসম্মত এবং টেকসই একটি পথ নির্ধারণ করাই হবে অধিকতর সমীচীন ও দায়িত্বশীল উদ্যোগ।

এ বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের **পরিচালক (উৎপাদন) এ বি এম খালেদুজ্জামান** বলেন, 'সামগ্রিক পোল্ট্রি খাতের উন্নয়ন যেন হয়, সেই আলোকেই নীতিমালাটির খসড়া চূড়ান্ত করা হয়েছে। এটি বাস্তবায়নে দেশের পোল্ট্রি খাত আরও সমৃদ্ধ হবে বলেই মনে করি।'

সংশ্লিষ্টরা বলছেন, নীতিমালায় পোল্ট্রির বাজার ব্যবস্থাপনা নিয়ে কোনো সুনির্দিষ্ট দিকনির্দেশনা বা তেমন কোনো বার্তা নেই। একদিনের বাচ্চা আমদানি নিষিদ্ধ হলে গুটিকয়েক প্রতিষ্ঠান যদি সিন্ডিকেট করে, তা মোকাবিলার কোনো সুস্পষ্ট পরামর্শ বা নির্দেশনাও নেই। সব মিলিয়ে এ নীতিমালা বাস্তবায়নে প্রান্তিক খামারি থেকে শুরু করে খাতসংশ্লিষ্টরা খুব ভালো কোনো সুবিধা পাবেন না। বরং একদিনের বাচ্চা আমদানিতে নিষেধাজ্ঞা ও ক্ষেত্রবিশেষে আমদানির লেজুড় জুড়ে দেওয়ায় সমালোচনা এবং বাজারে বাচ্চা সরবরাহে একটা শঙ্কা তৈরি হয়েছে। তাই এত বড় শিল্পের জন্য নীতিমালাটি যেন যুগোপযোগী হয়, সেটিকে সবার আগে গুরুত্ব দিতে হবে।

****

বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন
BANGLADESH POULTRY INDUSTRIES ASSOCIATION (B.P.I.A)
House No.-222 (Flat-2AB, 2nd Floor), Road No.-3, Avenue-3, DOHS, Mirpur-12, Dhaka-1216.
Mobile: 01981-686420 (WhatsApp), E-mail: bpia_dhaka@yahoo.com, bpia.dhaka@gmail.com

সূত্র ঃ বিপিআই/২০২৬/০০৪ তারিখ ঃ ২২/০২/২০২৬

পোল্ট্রির প্যারেন্টস্টক (পি এস) বাচ্চা আমদানি নিষিদ্ধ: প্রান্তিক খামারি, ডিম ও মুরগির ভোক্তাকে সংকটে ফেলার নীতি কি না-উদ্বেগ প্রকাশ 'বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন' (BPIA)-এর।

'বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন' (BPIA) গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, পোল্ট্রি খাতের প্যারেন্ট স্টক (পি এস) বাচ্চা আমদানি নিষিদ্ধ বা কঠোরভাবে নিয়ন্ত্রণের প্রস্তাবনা যথাযথ প্রস্তুতি ও কার্যকর বিকল্প ব্যবস্থা ছাড়া বাস্তবায়ন করা হলে তা সরাসরি ডিম ও মুরগির মাংসের ভোক্তাদের জন্য মারাত্মক ঝুঁকি তৈরি করবে। উল্লেখ্য, পোল্ট্রি খাত শুধু একটি শিল্প নয়-এটি দেশের প্রাণিজ আমিষের প্রধান উৎস, গ্রামীণ অর্থনীতির চালিকাশক্তি এবং লাখো মানুষের জীবিকা ও কর্মসংস্থানের ভিত্তি।

বর্তমান কাঠামোয় পি এস (প্যারেন্ট স্টক) বাচ্চা আমদানি সীমিত বা নিয়ন্ত্রিত হলে সবচেয়ে বেশি সুবিধা পাবে হাতে গোনা কয়েকটি বৃহৎ কর্পোরেট প্রতিষ্ঠান, যারা একই সঙ্গে জিপি (গ্র্যান্ড প্যারেন্ট), পি এস (প্যারেন্ট স্টক), কমার্শিয়াল লেয়ার ও ব্রয়লার বাচ্চা, ফিড উৎপাদন এবং কন্ট্রাক্ট গ্রোয়িং ব্যবসার সঙ্গে সম্পৃক্ত। এর ফলে এই কর্পোরেট গোষ্ঠির বাইরে থাকা অধিকাংশ হ্যাচারী ও ব্রিডার ফার্ম-যারা মূলত একদিন বয়সী লেয়ার ও ব্রয়লার বাচ্চা উৎপদান করেন-পি এস বাচ্চা পাওয়ার সুযোগ থেকে কার্যত বঞ্চিত হবেন। এতে বাজারে প্রতিযোগিতা নষ্ট হয়ে একটি অলিগোপলি কাঠামো তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে, যা প্রস্তাবিত পোল্ট্রি নীতিমালা ২০২৬-এর মাধ্যমে আরও প্রাতিষ্ঠানিক রূপ নিতে পারে।

BPIA মনে করে, এই পরিস্থিতিতে সংশ্লিষ্ট কিছু প্রতিষ্ঠান প্রথমে নিজেদের অভ্যন্তরীণ চাহিদা পূরণ করবে এবং পরবর্তীতে অবশিষ্ট পিএস বাচ্চা অত্যন্ত চড়া দামে বাজারে ছাড়বে। উৎপাদন কৌশলগতভাবে সীমিত রেখে কৃত্রিম সংকট সৃষ্টি করা হলে প্রান্তিক ও মাঝারি খামারিরা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবেন। অনেক খামার বাচ্চা সংকটে বন্ধ হয়ে যাবে, উৎপাদন কমে আসবে এবং এর সরাসরি প্রভাব পড়বে ডিম ও মুরগির মাংসের বাজারে-যেখানে ভোক্তাদের অস্বাভাবিক উচ্চমূল্যে এসব নিত্যপ্রয়োজনীয় খাদ্য কিনতে বাধ্য হতে হবে।

এর সামাজিক ও অর্থনৈতিক প্রভাবও হবে সুদূরপ্রসারী। পোল্ট্রি খাতের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত লাখো মানুষের কর্মসংস্থান ঝুঁকির মুখে পড়বে, গ্রামাঞ্চলে আয় ও অর্থপ্রবাহ কমবে এবং জাতীয় খাদ্য নিরাপত্তা হুমকিতে পড়বে। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো-উৎস পর্যায়ে যদি সরবরাহ কয়েকটি প্রতিষ্ঠানের হাতে কেন্দ্রীভূত হয়ে যায়, তাহলে সরকারের পক্ষে বাজার নিয়ন্ত্রণ, মূল্য স্থিতিশীল রাখা কিংবা ভোক্তা স্বার্থ রক্ষা করা কার্যত অসম্ভব হয়ে পড়বে। এতে সরকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান সুরক্ষা ও বাজার ব্যবস্থাপনায় বহুমুখী চাপে পড়বে।

BPIA দৃঢ়ভাবে মনে করে, পি এস বাচ্চা আমদানিতে সম্পূর্ণ নিষেধাজ্ঞা বা অতি-কঠোর নিয়ন্ত্রণ কোনো টেকসই সমাধান নয়। বরং আমদানিকে উন্মুক্ত ও নমনীয় রাখা জরুরি, যাতে সংকটকালে দ্রুত পি এস বাচ্চা বা হ্যাচিং ডিম আমদানি করা সম্ভব হয়। এ বিষয়ে বাংলাদেশের বিদ্যমান পশু রোগ নিয়ন্ত্রণ আইন এবং ডিম ও মুরগি আমদানি সংক্রান্ত নীতিমালায় সুস্পষ্ট বিধান রয়েছে। প্রয়োজন হলো-এসব আইন কঠোরভাবে বাস্তবায়ন, বায়োসিকিউরিটি নিশ্চিত করা এবং একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক মনিটরিং ব্যবস্থা গড়ে তোলা।

পোল্ট্রি খাতের টেকসই উন্নয়নের জন্য প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থা, বহুমুখী সরবরাহ উৎস উন্মুক্ত রাখা এবং প্রান্তিক ও মাঝারি খামারির সুরক্ষা নিশ্চিত করা অপরিহার্য। সরকারি নীতিনির্ধারণে যদি কোনো গোষ্ঠীস্বার্থ প্রাধান্য পায়, তবে তার মাশুল দিতে হবে ভোক্তা, খামারি এবং সামগ্রিক অর্থনীতিকে-যা কোনোভাবেই কাম্য নয়। তাই BPIA সংশ্লিষ্ট সকল নীতিনির্ধারকদের প্রতি আহ্বান জানাচ্ছে, পি এস (প্যারেন্ট স্টক) বাচ্চা আমদানির বিষয়ে বাস্তবসম্মত, ভোক্তা-স্বার্থবান্ধব এবং বাজার স্থিতিশীলতা নিশ্চিতকারী নীতি গ্রহণ করার। অন্যথায়, প্রস্তাবিত "পোল্ট্রি নীতিমালা ২০২৬"-এর এই সিদ্ধান্ত ডিম ও মুরগির ভোক্তাদের জন্য এক গভীর ফাঁদে পরিণত হতে পারে।

এম. সাফির রহমান
সেক্রেটারী জেনারেল
বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন

মোশারফ হোসেন চৌধুরী
সভাপতি
বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন

বাংলাদেশে পোল্ট্রি খাতে নতুন প্রস্তাবিত নীতিমালা প্রসঙ্গে মতামত



মোঃ আব্দুর রহমান
কার্যনির্বাহী সদস্য WPSA-BB (ইন্ডাস্ট্রি)

দীর্ঘদিন ধরে বাংলাদেশের পোলট্রি খাত একটি গুরুত্বপূর্ণ কৃষি উপখাত হিসেবে দেশের পুষ্টি নিরাপত্তা, কর্মসংস্থান সৃষ্টি এবং গ্রামীণ অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। তবে টেকসই উন্নয়ন, মানসম্মত উৎপাদন, রোগ নিয়ন্ত্রণ, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ এবং খাতটির বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলার জন্য একটি সমন্বিত ও যুগোপযোগী নীতির প্রয়োজনীয়তা দীর্ঘদিন ধরেই অনুভূত হচ্ছিল। এই প্রেক্ষাপটে দীর্ঘ অপেক্ষার পর প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশের পোলট্রি খাতের টেকসই উন্নয়নের লক্ষ্যে একটি পোলট্রি নীতি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে, যা নিঃসন্দেহে একটি প্রশংসনীয় ও সময়োপযোগী পদক্ষেপ। এই নীতির মাধ্যমে আধুনিক প্রযুক্তির ব্যবহার, বায়োসিকিউরিটি জোরদার, রোগ প্রতিরোধ ও ব্যবস্থাপনা, মানসম্মত খাদ্য ও ভ্যাকসিন সরবরাহ, পরিবেশবান্ধব উৎপাদন ব্যবস্থা এবং ক্ষুদ্র ও মাঝারি খামারিদের সুরক্ষা নিশ্চিত করার সুযোগ সৃষ্টি হবে এটাই আমাদের কামনা। তবে একই সঙ্গে বাস্তব অভিজ্ঞতার আলোকে দেখা যাচ্ছে যে, খাতটির সঙ্গে সংশিষ্ট কিছু বিদ্যমান নীতি, বিধিমালা ও নির্দেশনা বর্তমান বাস্তবতা ও আন্তর্জাতিক মানের সঙ্গে পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ নয়। সেকারণে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে এসব নীতি ও বিধিমালা পুনর্বিবেচনা ও প্রয়োজনীয় সংশোধনের বিষয়টি নতুন পোলট্রি নীতিতে অন্তর্ভুক্ত করা অত্যন্ত জরুরি।

বিশেষ করে প্যারেন্ট স্টক আমদানি নীতি বিষয়ক, ফিড ম্যানুফ্যাকচারিং লাইসেন্স বিষয় টেকনিক্যাল কমিটি গঠন, নিরাপদ পোলট্রি পণ্যের ট্রেসেবিলিটি ব্যবস্থা, পোলট্রি বর্জ্য ব্যবস্থাপনা নীতি সর্বোপরি, ক্ষুদ্র ও প্রান্তিক খামারিদের টিকে থাকার ব্যবস্থাগুলো হালনাগাদ করা প্রয়োজন বলে মনে করি।

প্যারেন্ট স্টক আমদানি নীতি বিষয়ক (৫. ৮.১.২)

বর্তমানে যে নীতির কথা আলোচিত হচ্ছে-যেখানে ডে-ওল্ড কমার্শিয়াল চিক ও প্যারেন্ট স্টক আমদানি নিষিদ্ধ করে শুধুমাত্র গ্র্যান্ড প্যারেন্ট (GP) স্টক, এবং সীমিত পরিসরে প্যারেন্ট স্টক আমদানির অনুমতি দেওয়া হবে-তা বাস্তবায়িত হলে কিছু ইতিবাচক উদ্দেশ্য থাকলেও এর কিছু গুরুতর নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে আমি মনে করি।

বাংলাদেশের সংবিধান ও জাতীয় উন্নয়ন দর্শনে মুক্ত বাজার অর্থনীতি ও ব্যক্তিখাতের নেতৃত্বকে এবং উদ্যোক্তার স্বাধীনতাকে গুরুত্ব দেওয়া হয়েছে। পোলট্রি শিল্প এই নীতির সফল উদাহরণ। মুক্ত বাজার অর্থনীতিতে রাষ্ট্রের ভূমিকা হওয়া উচিত- Referee, খেলোয়ার নয়, নিয়ম প্রণয়নকারী, বাজার নিয়ন্ত্রক নয় এক্ষেত্রে রাষ্ট্রের দায়িত্ব হওয়া উচিত- স্বাস্থ্য ও বায়োসিকিউরিটি নিশ্চিত করা, মান নিয়ন্ত্রণ ও বাহ্যতা বজায় রাখা, প্রতিযোগিতা বিরোধী আচরণ রোধ করা। এ প্রেক্ষাপটে ডে-ওল্ড কমার্শিয়াল চিক ও প্যারেন্ট স্টক আমদানিতে নিষেধাজ্ঞা দিয়ে শুধু GP স্টক, এবং সীমিত পরিসরে প্যারেন্ট স্টক আমদানির অনুমতি দিলে তা মুক্ত বাজার অর্থনীতির মৌলিক নীতির সঙ্গে সাংঘর্ষিক হতে পারে। বিশেষ করে, এই নীতি উদ্যোক্তাদের জন্য স্বাধীনভাবে ব্যবসা শুরু করার সুযোগকে সংকুচিত করবে। কারণ, উদ্যোক্তারা যদি কমার্শিয়াল চিক বা প্যারেন্ট স্টক সরাসরি আমদানি করতে না পারেন, তাহলে তাদের সম্পূর্ণভাবে বিদ্যমান দেশীয় বড় সরবরাহকারীদের ওপর নির্ভরশীল হতে হবে। এতে করে তারা দাম, সরবরাহ শর্ত এবং ব্যবসায়িক নীতির ক্ষেত্রে স্বাধীন সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা হারাবে। এই পরিস্থিতিতে বাজারে প্রতিযোগিতা কমে যাবে এবং বড় প্রতিষ্ঠানগুলো আরও শক্তিশালী হয়ে উঠবে, যা শেষ পর্যন্ত একচেটিয়া বা অলিগোপলির দিকে নিয়ে যেতে পারে।

একটি সুস্থ ও গতিশীল শিল্প গড়ে তুলতে হলে সমান সুযোগ, মুক্ত প্রতিযোগিতা এবং উদ্যোক্তার স্বাধীনতা নিশ্চিত করা অপরিহার্য। নীতিমালা এমন হওয়া উচিত, যেখানে বড় ও ছোট-সব ধরনের উদ্যোক্তা ন্যায্যভাবে ব্যবসা করার সুযোগ পায়।

ফিড ম্যানুফ্যাকচারিং লাইসেন্স (৫.৬.২.৮)ঃ

খসড়া পোল্ট্রি নীতিমালায় ফিড প্রস্তুতকারকের ক্ষেত্রে নিজস্ব কারখানার লাইসেন্স ছাড়া অনুমোদন দেওয়া হবে না-এমন প্রস্তাব অন্তর্ভুক্ত করা বাস্তবতা ও শিল্পের ইতিহাসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। বাংলাদেশের ফিড শিল্পের আজকের এই বিস্তৃত ও পরিপক্ক অবস্থানে পৌঁছানোর পেছনে বহু উদ্যোক্তার অবদান রয়েছে, যাঁদের বড় একটি অংশ শুরু করেছিলেন ভাড়াভিত্তিক (রেন্টেড) ফিড মিল ব্যবহার করে। অভিজ্ঞতা, বাজার গ্রহণযোগ্যতা ও মূলধন গড়ে ওঠার পরই তাঁরা ধীরে ধীরে নিজস্ব কারখানায় বিনিয়োগ করেছেন এবং আজ বড় শিল্পগোষ্ঠীতে পরিণত হয়েছেন। প্রস্তাবিত নীতিমালায় কেবল নিজস্ব কারখানার শর্ত আরোপ করা হলে নতুন প্রজন্মের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ফিড ব্যবসায় প্রবেশ কার্যত অসম্ভব হয়ে পড়বে, ফলে প্রতিযোগিতা কমবে এবং শিল্পের স্বাভাবিক সম্প্রসারণ ব্যাহত হবে। একটি বিকাশমান শিল্প হিসেবে পোল্ট্রি ও ফিড খাতের আরও বিস্তারের সুযোগ রয়েছে, তাই নীতিমালায় এমন ব্যবস্থা রাখা প্রয়োজন, যাতে মান নিয়ন্ত্রণ ও লাইসেন্সিং নিশ্চিত করার পাশাপাশি ভাড়াভিত্তিক ফিড মিল ব্যবহার করেও নতুন উদ্যোক্তারা ধাপে ধাপে ব্যবসা শুরু ও বিকাশের সুযোগ পান। টেকসই শিল্প গঠনের জন্য অন্তর্ভুক্তিমূলক ও বাস্তবসম্মত নীতিই সময়ের দাবি।

কমিটি গঠন (২.৩) ঃ

খসড়া পোল্ট্রি নীতিমালায় বিশ্ববিদ্যালয়ের পোল্ট্রি বিভাগ, অ্যানিম্যাল নিউট্রিশন বিভাগ, মিট সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগ এবং ভেটেরিনারি অনুষদের অভিজ্ঞ অধ্যাপকদের বিভিন্ন নীতিনির্ধারণী ও কারিগরি কমিটিতে বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করা অত্যন্ত প্রয়োজনীয়, কিন্তু দুঃখজনকভাবে খসড়ায় এ বিষয়ে কোনো স্পষ্ট উলেখ নেই। এসব অধ্যাপকরা গবেষণালব্ধ জ্ঞান, আন্তর্জাতিক মানদণ্ড, খাদ্য নিরাপত্তা, পুষ্টি ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ, অ্যান্টিবায়োটিকের যৌক্তিক

ব্যবহার, মাংস প্রক্রিয়াজাতকরণ ও ভোক্তা স্বাস্থ্য সুরক্ষার মতো গুরুত্বপূর্ণ বিষয়ে গভীর অভিজ্ঞতা রাখেন। নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন কমিটিতে তাঁদের অংশগ্রহণ নিশ্চিত করা হলে নীতিটি হবে বিজ্ঞানভিত্তিক, বাস্তবসম্মত ও টেকসই: একই সঙ্গে খামারি, শিল্প ও ভোক্তা-সবার স্বার্থ সুরক্ষিত হবে। বিশ্ববিদ্যালয়ভিত্তিক বিশেষজ্ঞদের আনুষ্ঠানিক অন্তর্ভুক্তি ছাড়া পোল্ট্রি খাতের দীর্ঘমেয়াদি উন্নয়ন, আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা ও জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা কঠিন-এ কারণে নীতিমালায় বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ ও বাস্তবায়ন করা একান্ত জরুরি।

বাংলাদেশের পোল্ট্রি শিল্পের বিকাশ ও টেকসই অগ্রগতিতে **অ্যানিম্যাল হেলথ কোম্পানিজ অ্যাসোসিয়েশন** গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। ভেটেরিনারি মেডিসিন, ভ্যাকসিন, ফিড অ্যাডিটিভসসহ মানসম্মত অ্যানিম্যাল হেলথ পণ্য আমদানির মাধ্যমে এই অ্যাসোসিয়েশন শিল্পের ভিত্তি শক্তিশালী করেছে এবং রোগ নিয়ন্ত্রণ ও নিরাপদ খাদ্য উৎপাদনে অবদান রাখছে। তবে প্রস্তাবিত নতুন পোল্ট্রি নীতিমালায় বিভিন্ন অংশীজনের কথা থাকলেও অ্যানিম্যাল হেলথ অ্যাসোসিয়েশনকে কোনো নীতিনির্ধারণী বা পরামর্শমূলক কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়নি, যা একটি গুরুত্বপূর্ণ নীতিগত ঘাটতি। এই অ্যাসোসিয়েশনের অভিজ্ঞতা ছাড়া অ্যান্টিবায়োটিক, ভ্যাকসিন ও সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত নিলে নীতির কার্যকর বাস্তবায়ন ব্যাহত হওয়ার ঝুঁকি থাকে। অতএব, পোল্ট্রি শিল্পের টেকসই উন্নয়ন ও জনস্বাস্থ্য সুরক্ষার স্বার্থে অ্যানিম্যাল হেলথ অ্যাসোসিয়েশনকে নীতিমালার পরামর্শমূলক ও বাস্তবায়ন সম্পর্কিত কমিটিতে অন্তর্ভুক্ত করা জরুরি বলে মনে করি।

নিরাপদ পোল্ট্রি পণ্যের ট্রেসেবিলিটি ব্যবস্থা, (২.৩.৫,-৫.৬.৩.৭, এবং ৫.৬.৩.৩):

সম্প্রতি প্রস্তাবিত নতুন পোল্ট্রি নীতিমালায় বলা হয়েছে যে অ্যান্টিবায়োটিক উইথড্রয়াল পিরিয়ড নিশ্চিত করতে খামারিকে বাধ্য করার কথা বলা হয়েছে। কথাটি শুনতে খুবই আশাব্যাঞ্জক, কারণ আমরা সবাই চাই নিরাপদ খাবার, অ্যান্টিবায়োটিকমুক্ত মুরগির মাংস এবং সুস্থ ভবিষ্যৎ প্রজন্ম। কিন্তু প্রশ্ন হলো-এই কথাটি বাস্তবে কীভাবে কার্যকর হবে। উইথড্রয়াল পিরিয়ড মানে হলো, মুরগিকে শেষবার অ্যান্টিবায়োটিক দেওয়ার পর নির্দিষ্ট সময় পর্যন্ত সেই মুরগির মাংস বা ডিম বাজারে না আনা। এই সময়টি মানা না হলে খাবারের সঙ্গে মানুষের শরীরে অ্যান্টিবায়োটিক প্রবেশ করে, যা ভবিষ্যতে মারাত্মক রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে দিতে পারে। বিষয়টি জনস্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ-এ নিয়ে কোনো দ্বিমত নেই।

LARGEST MANUFACTURER & EXPORTER

PVS GROUP INDIA
(SINCE 1993)

Regd & Corporate office: 4th Floor, PVS LAND MARK, Plot No.11,11A,11B,12&15, Industrial Park, Mangalagiri -522 503, Guntur, Andhra Pradesh, INDIA.
Customer Care : +91 0863 2341300 Website: internationalhealthcare.in
E-mail: ihclimited@yahoo.com
Follow us On/PVS Group

এনাম ফিড

করব খামার গড়ব দেশ
এনাম ফিডে বাংলাদেশ



এনাম ফিড সমূহ

- এনাম ব্রয়লার ফিড
- এনাম লেয়ার ফিড
- এনাম ফ্লোটিং ফিশ ফিড
- এনাম সিংকিং ফিশ ফিড
- এনাম ক্যাটল ফিড
- এনাম সোনালী ফিড
- এনাম কোয়েল ফিড
- এনাম ডাক ফিড



এনাম ফিডের বৈশিষ্ট সমূহ

- বাজারের সেরা কাঁচামালে তৈরী
- ১০০% সুষম ফিড
- খাদ্য রূপান্তর হার আকর্ষণীয়
- অধিক লাভের নিশ্চয়তা
- দক্ষ ও অভিজ্ঞ কারিগর দ্বারা তৈরি

ENAM FEED

ENAM HATCHERY & FEEDS LTD.

Head Office: Chayabari, House # 15 (3rd Floor), Road # 31, Sector # 7, Uttara, Dhaka-1230.
Factory: Chawkpara (Gazipur Road), Mawna, Sreepur, Gazipur, Bangladesh
Phone: +88 02 58953092, E-mail: info@enamfeed.com, Web: www.enamfeed.com

- SUGARCANE MOLASSES
- RAPESEED MEAL
- FISH MEAL & FISH OIL
- DDGS, CGM
- DORB
- L-LYSINE, L-THREONINE
- DL-METHIONINE
- DCP, MCP
- SODIUM BICARBONATE
- LIME STONE





WE ASSURE
QUALITY PRODUCT
FOR QUALITY FEED

P&P TRADING

Corporate Office :
Road No. 6 House No. 17 Mir Onyx Yakub Tower Level 12, Dhanmondi
Dhaka 1205, Mob: 01958 506100, E-mail : pnp102020@gmail.com

BACTOSAC (PROBIOTICS + POSTBIOTICS)

Good gut, Great performance, Goal Salmonella free



Benefits :

Dramatically reduction of Salmonella (all serovar)

Reduce enteropathogen ex. E. coli, Clostridium perfringens

Improve gut's health

Improve hatch ability and chick quality

BACTOSAC

Special selection for tolerance to

pH: 2- 11

Chlorine up to 9 ppm

Bile salt up to 10% w/v

Wide range of antimicrobials resistance without the ability of R-factor transfers

MICRO-GUARD P/L

Reduce manure odor, reduce flies population, Rapid biodegradation

Direction for use :

Broiler and Breeder farm: 500 g or ml of MICRO-GUARD PER 500-750 m^2

Swine house: 0.5 ml of MICRO-GUARD-L per pig put into wasting area or mixed with water and spray over pen floor and drainage area

Farm waste digester: 4 kg or liter of MICRO-GUARD per metric ton of carcass capacity

Fertilizer: 2 liters of MICRO-GUARD-L spray over manure 1 ton

Waste water: 1-2 kg or liter of MICRO-GUARD per 1,000 m^3 of waste water

Lagoon/biogas:

Initial treatment : use 4 kg or liter of MICRO-GUARD for each 1,000 m^3, Add directly to the basin inlet

Maintainance: use 2 kg or liter of MICRO-GUARD OF each 1,000 m^3, Repeat once a week



ISO 17025

AC 07-29-9999-0055-000 Registered by ACFS

GMP

K.M.P. BIOTECH CO., LTD.
89/578 Green lake village, Bangna-Trad Rd.
Km. 13, Bangplee, Samutprakam 10540, Thailand
Tel. +66-2316-0965-9, Fax. +66-2316-0971
www.kmpbiotech.com

Marketed by :

PVF AGRO LIMITED
H.M. Plaza, 11th Floor, Room # 02, Plot # 34
Road # 02, Sector # 03, Uttara, Dhaka-1230
Phone : 88 02 8933152, Fax : 88 02 8933152
E-mail : pvfagro@yahoo.com, web : www.pvfagro.com

NOURISH™

FARMER FIRST

নারিশ ব্রয়লার ফিড








ISO 9001:2008 + HACCP

নারিশ পোল্ট্রি এন্ড হ্যাচারী লিমিটেড | নারিশ গ্র্যান্ড প্যারেন্টস্ লিমিটেড | নারিশ ফিশারিজ লিমিটেড
নারিশ ফিডস্ লিমিটেড | নারিশ ফুডস্ লিমিটেড | নারিশ এগ্রো লিমিটেড

VEGA | vegamax value service

Clostide

A Complete Gut Health Solution



New Breakthroughs in Advanced Biology Technology for Antimicrobial Peptides (AMP)

Gut Health + Performance + ROI

Marketed By:

Sol Huq Skypark (4th Floor), 23/2 Khilzi Road, Block-B, Shyamoli, Mohammadpur, Dhaka-1207 +88 01716315B3
drmostafaalam@gmail.com

Manufacturer:

VEGA GROUP
Address: 20F, Eastern tower of IBC, 600 Jinsha avenue, Xiasha, Hangzhou 310018, China
E-mail: vega@vegapharma.com | Web: www.vegapharma.com

(সয়াবিন, সয়া প্রোটিন, সয়া ময়দা, সয়া ফুড ও রাইচ পলিশসহ যাবতীয় মুরগীর খাদ্য এবং চিক্স বক্স সরবরাহকারী প্রতিষ্ঠান)



মেসার্স আফরিনা ট্রেডার্স

জেনারেল মার্চেন্ট এন্ড অর্ডার সাপ্লাইয়ার্স

দক্ষিণ মাতুয়াইল, বানিয়ার বাগ, যাত্রাবাড়ী, ঢাকা
ফোন: ০২-৭৫৪৫২৩৮, মোবাইল: ০১৭১৫-০৭৮৪৯৯
E-mail: afrina.printing@gmail.com





আফরিনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং

দক্ষিণ মাতুয়াইল, বানিয়ার বাগ, যাত্রাবাড়ী, ঢাকা

ফোন: ০২-৭৫৪৫২৩৮, মোবাইল: ০১৭১৫-০৭৮৪৯৯

E-mail: afrina.printing@gmail.com

E-mail: afzal_hossain99@yahoo.com

Delst

nutrivet ltd.
Trusted solutions for total nutrition

DMX-7

Total Solution for better
Grain & Feed Quality

We deal with the results

A Revolutionary
Moisture Management Program

ডায়মন্ড
জৈব সার

১ কেজি, ৫ কেজি,
২৫ কেজি, ৪০ কেজি

কেন কৃসকের আস্থা প্রতিবার?

- ডায়মণ্ড জৈব সার মাটির উর্বরতা শক্তি বৃদ্ধি করে।
- ডায়মণ্ড জৈব সার ব্যবহারে মাটিতে উপকারী অনুজীবনের কার্যকারীতা বৃদ্ধি পায়।
- মাটির পি এইচ মান নিয়ন্ত্রণ করে ও মাটির গুনগত মান বাড়ায়।
- ডায়মণ্ড জৈব সার ব্যবহারে ফসলের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।
- জৈব সার ব্যবহারে রাসায়নিক সারের কার্যকারিতা বৃদ্ধি পায় এবং রাসায়নিক সারের পরিমান কম লাগে।
- ডায়মণ্ড জৈব সার মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করে।







উৎপাদন ও বাজারজাতকারী-
ডায়মন্ড অর্গানিক ফার্টিলাইজার লিমিটেড

হেড অফিস- বাড়ি # ৪২৯, রোড # ০৭,
বারিধারা ডিওএইচ এস, ঢাকা-১২০৬
মোবাইল নং: ০১৩২২-৮২৭৩১১,
০১৭০৮-১৫৯৭৩৫

ফ্যাক্টরি কার্যালয়- কেন্দুয়াব, বীর উজলী,
কাপাসিয়া, গাজীপুর
মোবাইল নং: ০১৭০০-৭১০২৮০

এ্যাডভান্সড় ফিড

অল্প দিনে বাড়ে বেশি

এ্যাডভান্সড় ফিডে লাভ

ADVANCED POULTRY & FISH FEEDS LTD.
PFFL



দেশের সর্বত্ব পাওয়া যাচ্ছে
এ্যাডভান্সড ব্রয়লার, কালার
এবং লেয়ার
১ দিনের বাচ্চা

দেশের সর্বত্র পাওয়া যাচ্ছে
আপনার নিকটস্থ দোকান
থেকে সংগ্রহ করুন।



উন্নতমানের পরিবেশ সহনীয় পোল্ট্রি এবং ফিস
ফিড প্রস্তুত ও সরবরাহকারী বিশ্বস্ত প্রতিষ্ঠান।

- উচ্চ পুষ্টিমান সম্পন্ন ভাসমান মাছের খাদ্য।
- উচ্চ পুষ্টিমান সম্পন্ন ডুবন্ত মাছের খাদ্য।
- উচ্চ পুষ্টিমান সম্পন্ন মুরগীর খাদ্য।
- উচ্চ পুষ্টিমান সম্পন্ন গরুর খাদ্য।
- দক্ষ বিশেষজ্ঞ ও অটোমেটিক মেশিনে প্রস্তুত।



ফ্যাক্টরী
ইউনিট - ১ ঃ জুগিয়া, বারখাদা, কুষ্টিয়া।
মোবাইল ঃ ০১৯৩৩-৩২৫০৩০

ইউনিট - ২ ঃ সোনপাড়া, আনন্দবাজার,
সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
মোবাইল ঃ ০১৯৩৩-৩২৫০৬০

এ্যাডভান্সড় পোল্ট্রি এন্ড ফিস ফিডস্ লিঃ
প্রধান কার্যালয় ঃ বাড়ি নং : ১০, রোড : ৭/এ, সেক্টর : ০৩, উত্তরা, ঢাকা - ১২৩০
মোবাইল : ০১৯৩৩-৩২৫০১৪, ফোন/ফ্যাক্স : +৮৮-০২-৫৮৯৫৬৬৮৯
ই-মেইল : apfflbd@gmail.com ওয়েব : www.advancedpoultryfeed.com

Farmers Agrovet Ltd. Welcomes KBD. Asif Anwar Rabbi



Farmers Agrovet Limited is delighted to announce the appointment of **Kbd. Asif Anwar Rabbi as senior executive (Sales)** to our professional team. As a dedicated poultry expert with a proven track record of excellence, Asif joins us to help drive innovation and deliver superior value to our customer and the farming community.

A graduate of the prestigious **Bangladesh Agricultural University (BAU), Mymensingh** with a B.Sc. in Animal Husbandry, A dedicated poultry professional, Mr. Rabbi brings extensive experience and expertise in **poultry nutrition and management**, making him a valuable addition to our organization.

In his recent roles at **Advanced Chemical Industries (ACI) PLC**, Asif excelled as an Area Sales Executive and Veterinary Service Officer. He is recognized for his ability to translate technical product benefits—specifically in **functional feed additives**.

With practical experience in poultry industry, KBD. Rabbi has collaborated with feed mills, breeder and commercial farms, consultants, and nutritionists. His background combines technical knowledge with market-oriented strategies, enhancing sales planning, customer relationship management, and market development.

KBD Asif Anwar Rabbi is a seasoned poultry professional with extensive experience in **poultry nutrition, farm management, and operational excellence**. Known for his dedication and expertise, he has successfully contributed to advancing poultry practices and solutions. Joining Farmers Agrovet Limited, he aims to leverage his knowledge to drive innovation and growth in the poultry industry.

We wish Mr. Rabbi a successful and fulfilling career at **Farmers Agrovet Limited.**

Farmers Agrovet Ltd. Welcomes Dr. Tanshim Hasan



Farmers Agrovet Limited is delighted to welcome **Dr. Tanshim Hasan,** a dedicated poultry professional and registered veterinarian, who joined our team **as a senior executive (sales)** on 1st January 2026. We extend our best wishes for a successful and impactful career with our organization.

Dr. Hasan holds a Bachelor of Science in Veterinary Science and Animal Husbandry from Sher-e-Bangla Agricultural University (SAU), Dhaka, and is currently pursuing a Master of Science in Animal Nutrition from the same institution. His academic foundation provides him with strong technical expertise in poultry health, nutrition, and production management.

With practical experience in poultry and feed marketing, Dr. Hasan has collaborated with feed mills, breeder and commercial farms, consultants, and nutritionists. His background combines technical knowledge with market-oriented strategies, enhancing sales planning, customer relationship management, and market development. Dr. Hasan's focus on delivering value-driven solutions aligns perfectly with Farmers Agrovet Limited's mission of providing high-quality, science-based nutritional solutions.

We are confident that Dr. Hasan's skills, dedication, and enthusiasm will contribute significantly to our growth and customer success. We warmly welcome him to our team and look forward to achieving new milestones together in the poultry industry.

Strictly Adhere to Biosecurity in Your Poultyr Farm

মুরগির খাদ্য পুষ্টি নিয়ে কিছু কথা-৬

প্রফেসর ড. জাহান আরা বেগম (হ্যাপী) এবং প্রফেসর ড. প্রিয় মোহন দাস-এর ধারাবাহিক প্রতিবেদন

পানিতে দ্রবণীয় (Water soluble) "ভিটামিন বি কমপ্লেক্সের" কয়েকটি ভিটামিন নিয়ে পূর্বের সংখ্যায় লেখা হয়েছে। বাকী ভিটামিনগুলো নিয়ে আলোচনা আজকের প্রয়াস।

নিয়াসিন/নিকোটিনিক এসিড/ভিটামিন বি-৩ (Niacin/Nicotinic acid/ Vit B3)

এই ভিটামিনটি নিকোটিনিক এসিড এবং নিকোটিনামাইড দিয়ে গঠিত। খাদ্যে উপস্থিত এমাইনো এসিড ট্রিপটোফেন (Tryptophan) থেকে ভিটামিন বি-৩ এর সহায়তায় এই ভিটামিন উৎপন্ন হয়। বৃহৎ অন্ত্রের সিকামে মাক্রোবিয়াল কার্যক্রমে এই ভিটামিন কিছু পরিমান উৎপন্ন হলেও সঠিকভাবে শোষণ হতে পারে না বিধায় প্রাপ্তি সীমিত থাকে। তাই খাদ্য থেকেই এই ভিটামিন পেতে হয়। দানাদার খাদ্যে (Cereals) এর উপস্থিতি প্রচুর থাকে কিন্তু জটিল পদ্ধতিতে। ভিটামিন 'বি-১২' এই ভিটামিনের সাথে মিলে একসাথে কাজ করে।

কার্যপদ্ধতিঃ

দুটি গুরুত্বপূর্ণ কো-এনজাইম, এন এ ডি (NAD) এবং এন এ ডি পি (NADP) এর সাথে এই ভিটামিনটি সম্পৃক্ত। এই কো-এনজাইমগুলো কার্বোহাইড্রেট, প্রোটিন এবং ফ্যাট মেটাবলিজমে কাজে লাগে অর্থাৎ মূলত শক্তি উৎপাদনে, গ্লিসারল তৈরীতে এবং এসিটাইল কো-এ (Acetyle Co-A) তৈরীতে এর প্রয়োজন। এই ভিটামিনের প্রাকৃতিক উৎস হলো-যকৃত, চাউলের কুড়া, গম, ছোলা, সোয়াবিন, বাদাম, শাকসবজি ইত্যাদি। খাদ্যে যদি ট্রিপটোফেন এবং পাইরিডক্সিন পরিমানমত থাকে তাহলে বাহির হতে এটা সরবরাহের বিশেষ প্রয়োজন পড়ে না এবং অভাবজনিত সমস্যা হয় না।

অভাবজনিত লক্ষণসমূহঃ

মুরগির চেয়েও এই অভাবজনিত লক্ষণসমূহ টার্কি ও হাঁসে বেশী হয়ে থাকে। অভাবজনিত কারণে পাখি খুঁড়িয়ে হাঁটে, হক জয়েন্ট (Hock joint) ফুলে যায়, পা ধনুকের মত বাঁকা হয়ে যায়। এটা পেরোসিস (Perosis) রোগের অনুরূপ, যা ম্যাগনেসিয়াম বা কোলিনের অভাবে হয়ে থাকে। তবে এই ক্ষেত্রে টেনডন একিলিস (Tendon Achillis) স্থানচ্যুত হয়না অর্থাৎ অস্থির কনডাইল (Condyl) হতে পিছলে যেতে দেখা যায় না, যা পেরোসিসের ক্ষেত্রে হয়ে থাকে। আরো কিছু আনুসাঙ্গিক উপসর্গও দেখা যেতে পারে, যেমন- মুখ গহ্বরের মিউকোসায় প্রদাহ, ডায়রিয়া, পালক অমসৃণ বা ভাঙ্গা ভাঙ্গা দেখা যাওয়া ইত্যাদি। ক্ষুধা মন্দা, ওজন না বাড়া/বৃদ্ধি সঠিকভাবে না হওয়া, চামড়া অমসৃণ হওয়া ইত্যাদি দেখা যেতে পারে।

অভাবজনিত সমস্যা দেখা গেলে খাদ্যের সাথে অথবা ঔষধ হিসাবে নিকোটিনিক এসিড ব্যবহার করলে রোগের প্রাথমিক অবস্থায় সুফল পাওয়া যায়। রোগ জটিল হয়ে গেলে চিকিৎসাতে বিশেষ সুফল পাওয়া যায় না।

পাইরিডকসিন/ভিটামিন বি-৬ (Pyridoxin/ Vitamin B-6)

ভিটামিন বি-৬ বলতে আমরা বুঝি ৩ টি উপাদানকে, এগুলো হলো পাইরিডক্সিন (Pyridoxin), পাইরিডক্সামিন (Pyridoxamin) এবং পাইরিডক্সল (Pyridoxol)। এই উপাদানগুলো একটি অপরটিতে রুপান্তরিত হতে পারে। পাখির জন্য এই ৩ টি উপাদানই কার্যকর। তবে পরবর্তী ২ টি উপাদান প্রথম উপাদান (Pyridoxin) থেকে বেশী কার্যকর। প্রানী জাতীয় প্রায় সব খাদ্যে এই তিনটি উপাদানের সংমিশ্রণ রয়েছে। পাইরিডক্সিন আলোতে সংবেদনশীল, অর্থাৎ সূর্যের আলো বেশী পড়লে নষ্ট হয়ে যায়।

কার্যপদ্ধতিঃ

ভিটামিন বি-৬ দেহের বহুবিধ উৎসেচকের (Enzymes) অংশ হিসেবে কাজ করে। এটি ট্রান্সএমিনেশন (Transamination), ডিকারবোক্সিলেশন (Decarboxylation) ট্রিপটোফেন সৃষ্টি (Tryptophan synthesis) এবং বিভিন্ন এমাইনোএসিড (Amino acids) দ্বারা দেহের উপাদান গঠনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। এছাড়াও পাইরোডক্সাল ফসফেট (Pyridoxal phosphate) এবং পাইরোডক্সিন ফসফেট (Pyridoxin phosphate) নামক কো-এনজাইম (Co-enzyme) এরও অংশ। এই ভিটামিনের অভাব থাকলে গবেষণাগারে ট্রান্সএমিনেশান পরীক্ষায় সঠিক ফলাফল পাওয়া যায় না।

অভাবজনিত লক্ষণসমূহঃ

- মুরগির বাচ্চার ওজন বৃদ্ধি হ্রাস পায় অর্থাৎ সঠিকভাবে বড় হয় না। ক্ষুধা মন্দা থাকে।
- পেরোসিস (Perosis) এবং বৈশিষ্ট্যপূর্ণ স্নায়ুবিক সমস্যা দেখা দেয়।
- বাচ্চা হাঁটার সময় পা ঝাকি দেয় (jerking movement)।
- দেহে খিচুনী প্রকাশ পায়।
- মুরগি চারিদিকে দৌড়াদৌড়ি করে, পাখা ঝাপটায়, পাখায় পাখায় বাড়ি দেয়।
- চিৎ হয়ে পড়ে যেতে পারে এবং পা উপরে উঠিয়ে লাথি মারার চেষ্টা করে এবং কিছুক্ষণ পরে মারা যায়।
- বয়স্ক মুরগীর ডিম উৎপাদন কমে যায়, ডিমের উর্বরতা হ্রাস পায়, ক্ষুধামন্দা হয় এবং ওজন কমে যায়। এমনকি মারাও যায়।

রোগের লক্ষণ এবং চিকিৎসা সফলতার উপর নির্ভর করে রোগ নিরুপণ করা যায়।

কোলিন (Choline)

কোলিনকে অনেকে অতিরিক্ত খাদ্য উপাদান মনে করেন, অনেকে একে ভিটামিন বি-৪ অথবা ভিটামিন-৭ হিসাবে আখ্যায়িত করে থাকেন। এই খাদ্য প্রাণ/ ভিটামিন অন্যান্য ভিটামিনের চেয়ে শরীরে বেশী প্রয়োজন হয় বিধায় খাদ্যে বেশী থাকতে হয়। তবে সুখের বিষয় লিভারে এই খাদ্যপ্রাণ তৈরী হতে পারে।

কার্যপদ্ধতিঃ

- এই ভিটামিনের সহায়তায় যকৃত (Liver) এর মধ্যে নিউট্রাল চর্বি (Neutral fat) লেসিথিন (Lecithin) নামক ফসফোলিপিড (Phospholipid) তৈরী হয়। এর ফলে যকৃতে চর্বি জাতীয় পদার্থ জমা হতে পারে না। আর তাই কোলিন ফ্যাটি লিভার (Fatty liver) এবং সিরোসিস (Cirrhosis) রোগের প্রতিষেধক ও চিকিৎসায় ব্যবহৃত হয়।
- এই ভিটামিন এসিটাইল কোলিন (Acetyle choline) নামক স্নায়ু হরমোনের অংশ বিশেষ। এই এসিটাইল কোলিন প্যারাসিমপেথেটিক (Parasympathetic) নার্ভের মাধ্যমে হৃদপিন্ড (heart), চোখ এবং খাদ্যান্ত্রের স্বাভাবিক কর্মক্ষমতা নিয়ন্ত্রণ করে। তাই হার্টের রোগী, চোখের রোগী ও খাদ্যতন্ত্রের সমস্যাজনিত রোগীদের এই ভিটামিন খেতে দেয়।
- কোলিন এবং ভিটামিন বি-১২ লিপিড মেটাবলিজমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- এসিটাইল কোলিন ক্রপের (Crop) এবং ডিম্বনালী (Oviduct) সংকোচনে সহায়তা করে।

অভাবজনিত লক্ষণসমূহঃ

- এই ভিটামিনের অভাবে লিভারের কোষে চর্বি জমা হয় যাকে ফ্যাটি লিভার সিন্ড্রোম বলা হয় এবং লিভার সঠিকভাবে কাজ করতে পারে না। জটিলতা হিসাবে সিরোসিস হতে পারে।
- অভাবজনিত বৈশিষ্ট্যপূর্ণ লক্ষণ হলো পেরোসিস (Perosis)। এখানে টিবিও-টারসাল জয়েন্ট (Tibio-tarsal joint) এ অস্বাভাবিকতা দেখা যায়। গ্যাস্ট্রোকনেমিয়াস টেনডন সরে যায় (Gastrocnemius tendon) এবং পা বাহিরের দিকে বাঁকা হয়ে যায়।
- ডিম উৎপাদন কমে যায় এবং ডিমের উর্বরতা হ্রাস পায়। শরীর বৃদ্ধি বিঘ্নিত হয়।

খাদ্যের সাথে কোলিন ক্লোরাইড দিয়ে এই সমস্যা প্রতিরোধ/প্রতিকার করা যায়, তবে পেরোসিস হয়ে গেলে সুফল পাওয়া দুস্কর। বাজারে কোলিন ক্লোরাইড কিনতে পাওয়া যায়, যা খাদ্য সরবরাহের পূর্ব মূহূর্তে মিশাতে হয়, আগে মিশিয়ে রাখলে খাদ্যের অন্য ভিটামিন সমূহ নষ্ট হয়ে যায়। তবে দামে বেশী হলেও কোটেড কোলিন (Coated choline) আগে মিশিয়ে রাখা যায়। ডিম পাড়া মুরগীর ওজন অনেক সময় বেশী হয়ে যায়, ফলে ডিম উৎপাদন কমে যায়। এই ক্ষেত্রে কোলিন ক্লোরাইড খাদ্যের সাথে মিশিয়ে দিলে সুফল পাওয়া যায়।

ফলিক এসিড/ ফলিয়েট (Folic acid/ Foliate/Folacin)

ফলিক এসিডে আছে গ্লুটামিক এসিড

(Glutamic acid), প্যারা-এমাইনো বেনজয়িক এসিড (Para-aminobenzoic acid, PABA) এবং এপটেরিডিন নিউক্লিয়াস (Apteridine nucleus)। এই জন্য ফলিক এসিডকে টেরোইলগ্লুটামিক এসিড (Pteroylglutamic acid) ও বলা হয়। সবুজ পাতা জাতীয় শাকসবজি, সোয়াবিন, লিভার ইত্যাদিতে এই ভিটামিন পাওয়া যায়।

কার্যপদ্ধতিঃ

ফলিক এসিড, যে সব এনজাইমে একমাত্র কার্বন মেটাবলিজম ঘটে থাকে, তার অংশ। এটি মিথাইল গ্রুপ (Methyl group) বহন করে, তাই বিভিন্ন এমাইনো-এসিড যেমন থেরিয়োনিন, হিস্টিডিন, কোলিন, পিউরিন তৈরীতে (synthesis) সহায়তা করে। এক কথায় বলা যায় এই ভিটামিন এমাইনো এসিড (Amino acid) এবং নিউক্লিক এসিড (Nucleic acid) প্রস্তুতে সাহায্য করে। কাজেই কোষ বিভাজনে (Cell division) অত্যন্ত প্রয়োজনীয়, তাই এর অভাবে শরীরের সঠিক বৃদ্ধি ঘটে না। তাই রক্ত কনিকাও সঠিকভাবে পরিনত হয় না। ফলে রক্তে অপ্রাপ্ত বয়স্ক কোষ পাওয়া যায়।

অভাবজনিত লক্ষণসমূহঃ

বাচ্চা মুরগির ক্ষেত্রে-দৈহিক বৃদ্ধি হ্রাস পায়, রক্ত স্বল্পতা দেখা যায়, পেরোসিস (Perosis) হয়। এই ভিটামিন পালকের রঙ তৈরীতে সহায়ক বিধায় অভাবজনিত কারনে পালকের রঙ পরিবর্তিত হয়, বিশেষ করে রোড আইল্যান্ড রেড (Rhode Island Red) এবং কালো লেগ হর্ন (Black leg Horn) বাচ্চার ক্ষেত্রে। বয়স্ক মুরগিতে- ডিম্বনালীর (Oviduct) আকার ছোট হয়ে যায়, ডিম উৎপাদনের সংখ্যা হ্রাস পায় এবং ডিমের উর্বরতা কমে যায় সেই সাথে রক্ত স্বল্পতাও দেখা যায়। ডিমের মধ্যে মুরগী ও টার্কির বাচ্চার মৃত্যুর হার বেড়ে যায়, বাচ্চা ডিম থেকে ফুটে বেরোনোর সময় ঠোঁট দিয়ে ডিম ছিদ্র করে এই সময় মারা যায়। চোয়ালের উপরের অস্থি, টিবিয়া ও টারসাল জয়েন্টে বিকলাঙ্গতা দেখা যায়।

টার্কির বাচ্চার জন্মের পর ঘাড় অসাড় (Paralysis) হয়ে ২ দিনের মধ্যে মারা যায়। পায়ের পাতা জোড়া লেগে থাকে। ভিটামিন বি-১২ এর সাথে ফলিক এসিডের সম্পর্ক আছে, এই দুটি ভিটামিনই রক্তকণিকা পরিনত হতে সহায়তা করে। অভাবজনিত সমস্যা প্রতিরোধকল্পে খাদ্যে এই ভিটামিন দেওয়া হয়ে থাকে, তবে সমস্যা দেখা গেলে দামী পাখির ক্ষেত্রে ফলিক এসিড ইঞ্জেকশান হিসাবে দিতে হয়। গর্ভাবস্থায় মহিলাদের ক্ষেত্রে মাইক্রোসাইটিক (Microcytic) এবং ম্যাগালোব্লাস্টিক (Megaloblastic) এনিমিয়া প্রতিরোধে যথাক্রমে ফলিক এসিড (Folic acid) এবং ভিটামিন বি-১২ দেওয়া হয়।

বায়োটিনঃ

বায়োটিনের একটি পুরাতন নাম আছে তা হলো ভিটামিন এইচ (Vitamin H)। এই ভিটামিন খাদ্যে প্রচুর পরিমানে থাকে, কিন্তু জটিল অবস্থায়। তাই প্রাপ্তি সঠিক থাকে না বিভিন্ন কারনে। তার মধ্যে অন্যতম হলো খাদ্যে যদি এভিডিন থাকে তবে বায়োটিন শোষণ (absorption) হয় না। ডিমের সাদা অংশে এভিডিন থাকে, যা ভেজে নিলে বা সিদ্ধ করলে নষ্ট হয়ে যায়। কাঁচা ডিম খেলে তাই বাইয়োটিনের অভাব দেখা যায়। গ্রামের দিকে একটি কথা প্রচলিত আছে "কাঁচা ডিম খেলে শক্তি বাড়ে", কথাটি সঠিক নয়। বায়োটিন মলিকুল কিছুটা তাপ সহ্য করতে পারে এবং অতিরিক্ত ক্ষারতা বা অম্লতা এই মলিকুল নষ্ট করে দেয়। কতটুকু বায়োটিন কোন খাদ্য থেকে পাওয়া যাবে (Biologically avaliable) তা নির্ভর করে খাদ্য সামগ্রির উপর। এভিডিন ছাড়াও স্টেপটাভিডিন (Strepatvidin), যা স্ট্রেপটোমাইসিন মোল্ড তৈরী করে তা বায়োটিনের বিপরীতে (antagonist) কাজ করে। এছাড়াও আফলাটক্সিন (Aflatoxin) এবং পার অক্সিডাইজিং চর্বি (Per oxidizing fat) বায়োটিন শোষণে বিঘ্ন ঘটায়।

কার্যপদ্ধতিঃ

এক কথায় বলা যায় বায়োটিন খাদ্য ব্যবহারের জন্য, স্বাস্থ্য বৃদ্ধির জন্য, ইপিডারমাল টিস্যু (Epidermal tissue) সংরক্ষণের জন্য, হাড় গঠনের জন্য এবং প্রজননের জন্য প্রয়োজন।

- বায়োটিন বিভিন্ন কার্বোক্সিলেশন (Carboxylation) এনজাইমের কো-ফ্যাক্টর (Co-factor) হিসাবে কাজ করে। তার মধ্যে গুরুত্বপূর্ণ দু'টি হলো- (ক) পাইরোভেট কার্বোক্সিলেট (Pyruvate carboxylate), যা শরীরের গ্লুকোজ তৈরীতে (Gluconeogenesis) প্রয়োজন, এবং অপরটি (খ) এসিটাইল কো-এনজাইম এ কার্বোক্সিলেজ, যা ফ্যাট তৈরীতে (Lipogenesis) প্রয়োজন হয়। অর্থাৎ বায়োটিনের অভাবে কার্বোহাইড্রেট ও ফ্যাট মেটাবলিজম সঠিকভাবে হয় না। তাছাড়া প্রোটিন তৈরীর জন্য আর এন এ (RNA) প্রস্তুত করে না।
- কেরাটিন (Keratin) প্রোটিনের জন্য এই ভিটামিন প্রয়োজন। তাই অভাবজনিত কারণে চামড়ার পরিবর্তন লক্ষণীয়।

অভাবজনিত সম্ভাব্য লক্ষণসমূহঃ

- ঠোঁট ও চোখের পাশে পানি জমে এবং ফোলা দেখা যায় (Exudative dermatitis), পা ও পায়ের পাতা ফোলা মনে হয়।
- মুরগি ও টার্কির লম্বা হাড়গুলো স্বাভাবিকের চেয়ে ছোট দেখায় এবং পায়ের অস্বাভাবিকতা মনে হয়।
- পায়ের দূর্বলতা পরিলক্ষিত হয় এবং পায়ের নিচে (Foot pad) চামড়ায় প্রদাহ হয় (Foot pad dermatitis)।
- বায়োটিনের অভাবে পাইরোভেট থেকে ফ্যাটি এসিড রুপান্তর বৃদ্ধি পায়, ফলে ফ্যাটি লিভার এবং কিডনী সিন্ড্রোম (Fatty liver and kidney syndrome) দেখা যায়। লিভার এবং কিডনীতে চর্বি জমা হয়ে এই অঙ্গগুলো ফ্যাকাসে হয়ে যায় এবং সামান্য স্ফীত হয়।
- অনেক সময় হঠাৎ করে বাচ্চা মারা যায় (Acute death syndrome)। এই সমস্যা ব্রয়লার বাচ্চায় বেশি দেখা যায়। এটা হয় vasoactive prostaglandin বেশী তৈরীর জন্য।
- ভ্রূণ (Embryo) বৃদ্ধিতে বায়োটিন প্রয়োজন। মা মুরগীতে এর অভাব থাকলে বাচ্চার ঠোঁট টিয়া পাখির ঠোঁটের মত (Parrot beak) হয় এবং হাড়ের, বিশেষ করে মাথার খুলি, পা পাখা ইত্যাদিতে অস্বাভাবিকতা দেখা যায়।
- ডিম ফোটানোর প্রথম সপ্তাহ এবং ডিম ফোটার শেষ ৩-৪ দিনে ভ্রুণের মৃত্যু হার বেড়ে যায়।

খাদ্যে যদি বায়োটিন বিপরীত (Biotin antagonist) উপাদানসমূহ না থাকে তবে খাদ্যে বায়োটিন সংযুক্ত করলে সুফল পাওয়া যায়। ব্রিডার ফ্লকে যেন বায়োটিনের অভাব না থাকে সেদিকেও সজাগ থাকতে হয়।

ভিটামিন বি-১২

ভিটামিন বি-১২ এর কাঠামো (Structure) অনেক জটিল। এর মলিকুলে (Molecule) থাকে কার্বন, হাইড্রোজেন, নাইট্রোজেন, ফসফরাস এবং কোবাল্ট। এই মলিকুলের প্রধান অংশই হলো কোবাল্ট। এই ভিটামিনকে সায়ানোকাবালামিনও (Cyanocobalamin) বলা হয়। প্রাণীজ প্রোটিনে এর উপস্থিতি বেশী, বিশেষ করে ফিস মিল (Fish meal), মিট-মিল (Meat meal), এবং লিভার এক্সট্রাক্ট (Liver extract)। তাই মূল খাদ্য উপাদানে ফিস-মিল থাকলে অভাবজনিত সমস্যা হবার সম্ভাবনা কম থাকে। কোবাল্ট সমৃদ্ধ খাবারে এই ভিটামিন প্রাপ্তি বাড়ায়।

কার্যপদ্ধতিঃ

- এই ভিটামিন নিউক্লিক এসিড (Nucleic acid) এবং মিথাইল (Methyl) সিনথেসিসে ভূমিকা রাখে।
- কার্বহাইড্রেট এবং ফ্যাট মেটাবলিজমে সহায়তা করে। সাকসিনাইল কো-এ (Succinyl Co-A) প্রস্তুতে সহায়তা করে।
- লোহিত কনিকা (Red blood cells) সৃষ্টিতে এবং মেচুউরিটিতে সাহায্য করে।
- ডিম ফোটার জন্য অত্যাবশকীয়।
- গিজার্ড ইরোশন প্রতিরোধ করে।
- এর অভাব মাতৃদেহ হতে শাবকে প্রতিফলিত হয়। মায়ের লিভারে এই ভিটামিন অনেক দিন জমা থাকে।

অভাবজনিত লক্ষণসমূহঃ

- ডিম ফুটে বাচ্চা বেরোনোর সময় অসুবিধা হয়। ইনকিউবেশন পিরিয়ডের ১৭-১৮ দিনে ভ্রুণ মারা যায়।
- মৃত ভ্রুণের শরীরে রক্তক্ষরণ ও পানি জমতে দেখা যায়।
- জীবিত বাচ্চার দৈহিক বৃদ্ধি হ্রাস পায়।
- বয়স্ক মুরগির দেহে রক্ত স্বল্পতা দেখা দিতে পারে। তাছাড়া হৃদপিন্ড, লিভার ও কিডনীতে চর্বি জমতে পারে (Fatty heart, fatty liver and fatty kidney)।
- পেরোসিস (Perosis) হতে পারে।
- হ্যাচাবিলিটি শূন্যের কোঠায় নেমে যেতে পারে।

খাদ্যের সাথে ব্রিডার মুরগীকে এবং বাচ্চাকে এই ভিটামিন সরবরাহ করলে অভাবজনিত সমস্যা প্রতিরোধ করা যায়। ব্রিডার মুরগীতে ইঞ্জেকশনের মাধ্যমে এ চিকিৎসা করা যায়।

====(চলবে)

প্রতিবেদন

সাতক্ষীরায় দুধ উৎপাদনের সাফল্য, সম্ভাবনা ও বৈষম্যের গল্প



আর এস মাহমুদ হাসান
কৃষিবিদ ও ভেটেরিনারিয়ান

বলা হয়ে থাকে, কুটুম (আত্মীয়) হলেও সকাল বেলায় কেউ সাতক্ষীরার তালা উপজেলার জিয়ালা গ্রামে যেও না। কারণ ভোর থেকেই এই গ্রামের প্রায় সব প্রাপ্তবয়স্ক মানুষ ব্যস্ত হয়ে পড়েন গোয়ালঘর পরিষ্কার, দুধ দোহন ও পরবর্তীতে দুধ বিক্রি সংক্রান্ত কাজে। সেই ব্যস্ততায় অতিথি আপ্যায়নের সুযোগ পান না, তাই সকালে ভাগ্যে জুটতে পারে আলু ভর্তা-পান্তা, আবার না জুটতেও পারে। তবে দুপুরে গেলে চিত্র ভিন্ন–আপনি যা খেতে চান, ভেটকি মাছ হোক বা খাসির মাংস, তার অভাব হবে না।



এই ব্যস্ততার কারণ একটাই–দুধ। জিয়ালা গ্রামের মানুষের প্রধান পেশা এখন গরু পালন। এখানে এমন পরিবার খুঁজে পাওয়া কঠিন, যাদের গরু নেই। যাদের কিছুই নেই, তাদেরও আছে অন্তত দুইটি গাভী।

সাধারণত গ্রামবাংলার বাড়িতে উঠান থাকেই। কিন্তু জিয়ালা গ্রামে এসে দেখা যায় ভিন্ন চিত্র–হাতেগোনা কিছু বাড়িতে উঠান আছে। কারণ সেই উঠানেই গড়ে উঠেছে গরুর ঘর। দেশি গরুর পাশাপাশি ফ্রিজিয়ান, জার্সি, শাহীওয়াল জাতের উন্নত বিদেশি গরু পালন করা হচ্ছে এখানে। পাশাপাশি রয়েছে ছোট-বড় বাণিজ্যিক দুগ্ধ খামার।

জিয়ালা গ্রাম সাতক্ষীরা জেলার তালা উপজেলার একটি বিখ্যাত গ্রাম, যা পরিবেশবান্ধব মডেল 'দুগ্ধ পল্লী' বা 'ডেইরি ভিলেজ' হিসেবে পরিচিত। গ্রামের অধিকাংশ খামারি জানান, তাদের বাবা-দাদা দুধের ব্যবসা করতেন। সেই পৈতৃক পেশাই তারা ধরে রেখেছেন। আশির দশক থেকেই এই গ্রামে বিদেশি জাতের গরু পালনের প্রচলন শুরু হয়।

২০২৫ সালের সাম্প্রতিক তথ্য অনুযায়ী, দুধ উৎপাদনে সারাদেশে দ্বিতীয় অবস্থানে রয়েছে সাতক্ষীরা জেলা। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. এফ এম মান্নান কবীরের তথ্যমতে, বর্তমানে সাতক্ষীরা জেলায় প্রতিদিন গড়ে প্রায় ৭ লাখ ৬৫ হাজার ৯০৪ লিটার দুধ উৎপাদিত হচ্ছে। এর একটি উল্লেখযোগ্য অংশ আসে তালা উপজেলার **'দুগ্ধ পল্লী'** হিসেবে পরিচিত জিয়ালা গ্রাম থেকে, যেখানে দৈনিক প্রায় ২২ হাজার লিটার দুধ উৎপাদন হয়। এই বিপুল উৎপাদনের বিপরীতে জেলার নিজস্ব দুধের দৈনিক চাহিদা প্রায় ৬ লাখ ৬১ হাজার ৫৯৫ লিটার। ফলে অতিরিক্ত ১ লাখ ৪ হাজার ৩০৯ লিটার দুধ ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করা হচ্ছে, যার আনুমানিক দৈনিক বাজারমূল্য প্রায় ৭৪ লাখ ৮৮ হাজার ৫৪০ টাকা। এই বিশাল উৎপাদন-সম্পদ থাকা সত্ত্বেও খামারিরা ন্যায্য অর্থনৈতিক লাভ পাচ্ছেন কি না–সেটাই আজ সবচেয়ে বড় প্রশ্ন।

জেলা প্রাণিসম্পদ কার্যালয়ের হিসাব অনুযায়ী, সাতক্ষীরা জেলায় বর্তমানে ফ্রিজিয়ান, জার্সি ও শাহীওয়াল সংকর জাতের দুধের গরু রয়েছে ৪ লাখ ৯২ হাজার ৫৬৯টি। দুধ উৎপাদনকারী সংকর জাতের গাভীর পাশাপাশি দেশি গরু ও ষাঁড় গরু মিলিয়ে সাতক্ষীরা জেলায় বর্তমানে মোট ৯ লাখ ৩৬ হাজার ২৪৭টি গবাদিপশু লালন-পালন করা হচ্ছে। এই পরিসংখ্যান একদিকে যেমন সাতক্ষীরার দুগ্ধ শিল্পের সম্ভাবনা ও সক্ষমতার চিত্র তুলে ধরে, অন্যদিকে তেমনি একটি মৌলিক প্রশ্ন সামনে এনে দেয়–এত বড় বাজার, উৎপাদন ও আর্থিক প্রবাহ থাকা সত্ত্বেও কেন খামারিরা আজও ন্যায্য দাম থেকে বঞ্চিত হচ্ছেন?

সাতক্ষীরা জেলার লাইভস্টক পরিসংখ্যান পর্যালোচনা করলে দেখা যায়, গরু ও ছাগল এই জেলার প্রধান প্রাণিসম্পদ। **মোট গরুর সংখ্যা ৯ লাখ ৩৬ হাজার ২৪৭টি এবং ছাগল ৪ লাখ ৫৫ হাজার ৩৬৬টি হলেও মহিষের সংখ্যা মাত্র ৫১৩টি ও ভেড়া ৩৮ হাজার ৮৮৬টি।** এ তথ্য প্রাণিসম্পদ খাতে পরিকল্পিত বিনিয়োগ ও নীতিগত সহায়তার প্রয়োজনীয়তার দিকটি নির্দেশ করে। গত দুই দশকে সাতক্ষীরা সদর উপজেলা, তালা, কলারোয়া, দেবহাটা, আশাশুনি, কালিগঞ্জ ও শ্যামনগর উপজেলায় বাণিজ্যিকভাবে গড়ে উঠেছে কয়েক হাজার দুগ্ধ খামার। জেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, সাতক্ষীরার ৭ উপজেলাতে বর্তমানে ১২ হাজার ৮৮৬টি ছোট-বড় খামার রয়েছে। এর মধ্যে সরকারি নিবন্ধিত খামার মাত্র ৩০৪টি। এসব খামারের উৎপাদিত দুধ দিয়ে ঘি, মাঠা ছাড়াও বিভিন্ন ধরনের মিষ্টান্ন তৈরি হয়। আর এই ডেইরি শিল্পে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জেলার প্রায় ৯০ হাজার মানুষ কর্মসংস্থানে জড়িত।

এই বিপুল উৎপাদন ব্যবস্থাকে কেন্দ্র করে মিল্কভিটা, প্রাণ, আকিজ, ব্রাকসহ বিভিন্ন বহুজাতিক ও দেশীয় কোম্পানি গড়ে তুলেছে চিলিং

সেন্টার। গ্রামে ও শহরের মিষ্টির দোকানেও দুধ বিক্রি করেন খামারিরা। তবু এই শিল্পের ভিত যতটা শক্ত, খামারিদের সন্তুষ্টি ততটাই নড়বড়ে।

খুচরা বাজারে যেখানে প্রতি লিটার দুধ ৫০-৬০ টাকায় বিক্রি হচ্ছে, সেখানে খামারিরা খামার থেকে বিক্রি করতে বাধ্য হচ্ছেন মাত্র ৪০-৪৫ টাকায়। অন্যদিকে গো-খাদ্যের দাম বেড়েছে কয়েক গুণ। ভুসি, খৈল, বিচলি ও কনসেন্ট্রেট ফিডের দামে লাগাম নেই। ফলে লাভের অঙ্ক ক্রমশ সংকুচিত হচ্ছে।

এর সঙ্গে যুক্ত হয়েছে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য এবং গ্রামের জটিল ও কুটিল রাজনৈতিক সমীকরণ। অনেক ক্ষেত্রেই খামারিরা ন্যায্য দাম দাবি করলেও তা আদায় করতে পারেন না। ফলে যে গ্রাম দেশের দুধের জোগান দিচ্ছে, সেই গ্রামের খামারিরাই আজ অনিশ্চয়তায় ভুগছেন।

সম্প্রতি লেখক গবেষণার কাজে তালা উপজেলার দুগ্ধ পল্লী জিয়ালা গ্রামসহ সাত ীরা সদর উপজেলা, কলারোয়া, দেবহাটাসহ অন্যান্য এলাকা পরিদর্শনের সময় একাধিক খামারি জানান, দুধের ন্যায্য দাম না পাওয়ার পেছনে শুধু বাজার নয়, স্থানীয় সমবায় ও গ্রামীণ ক্ষমতার সম্পর্কও বড় ভূমিকা রাখছে। তাদের অভিযোগ, মিল্কভিটা সমবায় সমিতি আদর্শগতভাবে খামারি-নিয়ন্ত্রিত হলেও বাস্তবে সেখানে ভোট কেনাবেচার সংস্কৃতি তৈরি হয়েছে।

খামারিদের আরও ক্ষোভ, সমবায়ের সাধারণ সদস্য হয়েও তারা দুধ ন্যায্য দামে বিক্রির সুযোগ পাচ্ছেন না। গ্রামের প্রভাবশালী মহাজনদের কাছেই তুলনামূলক কম দামে দুধ দিতে বাধ্য হতে হয় অধিকাংশ খামারিকে। একই সঙ্গে গো-খাদ্যের দাম লাগামহীনভাবে বাড়ায় উৎপাদন ব্যয় বেড়েছে, ফলে দুধ উৎপাদন করেও লাভ খুব একটা থাকছে না।

এছাড়া পর্যাপ্ত ভেটেরিনারিয়ান বা প্রাণী চিকিৎসক না পেয়ে খামারিরা অনেক সময় অপ্রশিক্ষিত বা কোয়াকের চিকিৎসা নিতে বাধ্য হচ্ছেন। খামারিরা জানান, ভেটেরিনারি সেবা না থাকায় গরুর স্বাস্থ্যের যত্নে অতিরিক্ত ব্যয় বাড়ছে; ভুল চিকিৎসার কারণে গরুর উৎপাদনক্ষমতা কমে যাচ্ছে এবং দীর্ঘমেয়াদে খামারের ক্ষতির ঝুঁকি বাড়ছে। তাদের মতে, এই বাস্তবতায় সমবায় কাঠামো থাকলেও তার সুফল মাঠপর্যায়ে পৌঁছাচ্ছে না।

খামারিদের ক্ষোভ আরও গভীর হয় তখন, যখন তারা দেখেন–একদিকে প্রকৃত দুধ উৎপাদন করে ন্যায্য দাম পাওয়া যাচ্ছে না, অন্যদিকে বাজারে নকল বা ভেজাল দুধের দৌরাত্ম্য চলছে। সাম্প্রতিক বছরগুলোতে বিভিন্ন জাতীয় গণমাধ্যম ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে কৃত্রিম উপায়ে নকল দুধ তৈরির তথ্য একাধিকবার উঠে এসেছে। পানি, ডিটারজেন্ট, স্টার্চ ও কেমিক্যাল মিশিয়ে দুধ তৈরির মতো ভয়াবহ চিত্রও গণমাধ্যমে প্রকাশিত হয়েছে।

খামারিদের প্রশ্ন–যখন প্রকৃত দুধ উৎপাদনকারীরা লোকসানে পড়ছেন, তখন নকল দুধ কীভাবে বাজারে জায়গা করে নিচ্ছে? তাদের মতে, নকল দুধের এই অবাধ বিস্তার প্রকৃত দুধের দাম আরও চাপে ফেলছে এবং সৎ খামারিদের অস্তিত্বকে হুমকির মুখে ফেলছে। যেন এই দীর্ঘ প্রতীক্ষিত ন্যায্যতা ও সহায়তার সুফল মাঠপর্যায়ে পৌঁছাতে পারে, সেদিকে নীতিনির্ধারকদের দ্রুত ও কার্যকর উদ্যোগ প্রয়োজন।

প্রথমত, সরকারিভাবে দুধের ন্যূনতম সহায়ক মূল্য (Minimum Support Price) নির্ধারণ জরুরি। গো-খাদ্যের দাম বাড়লে দুধের দামও যেন স্বয়ংক্রিয়ভাবে সমন্বয় হয়–এমন একটি বাস্তবভিত্তিক ফর্মুলা প্রণয়ন করতে হবে। নইলে প্রান্তিক খামারিরা এই শিল্পে টিকে থাকতে পারবেন না।

দ্বিতীয়ত, মধ্যস্বত্বভোগীদের প্রভাব কমাতে গ্রামভিত্তিক খামারি সমবায় (ডেইরি কো-অপারেটিভ) জোরদার করা প্রয়োজন। ভারতের গুজরাটে গড়ে ওঠা 'আমুল মডেল' বিশ্বজুড়ে সফল ডেইরি সমবায়ের উদাহরণ। উল্লেখযোগ্য যে, এই মডেলের আদলেই ১৯৭৩ সালে বাংলাদেশে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ মিল্ক প্রডিউসার্স কো-অপারেটিভ ইউনিয়ন লিমিটেড–বর্তমানে মিল্কভিটা। কিন্তু সময়ের ব্যবধানে এই খামারি-নিয়ন্ত্রিত কাঠামোর কার্যকারিতা অনেক ক্ষেত্রে দুর্বল হয়ে পড়েছে। জিয়ালা গ্রামের মতো মিল্ক পকেট এলাকাগুলোতে যদি স্বচ্ছ, আধুনিক ও খামারি-নিয়ন্ত্রিত সমবায় পুনর্গঠন করা যায়, তাহলে ন্যায্য দাম নিশ্চিত করা সহজ হবে।

তৃতীয়ত, চিলিং সেন্টার থাকলেও অধিকাংশ ক্ষেত্রেই এর মালিকানা খামারিদের হাতে নেই। খামারি-নিয়ন্ত্রিত চিলিং সেন্টার ও দুধ সংগ্রহ কেন্দ্র বাড়ানো গেলে দুধ নষ্ট কমবে এবং দরকষাকষির ক্ষমতা বাড়বে।

চতুর্থত, গো-খাদ্যের বাজারে ভর্তুকি ও মান নিয়ন্ত্রণ জরুরি। ভেজাল ও নিম্নমানের ফিড বন্ধে কঠোর মনিটরিং ছাড়া উৎপাদন ব্যয় কমানো সম্ভব নয়।

সবশেষে, খামারিদের নিরাপত্তা ও সম্মান নিশ্চিত করতে স্থানীয় প্রশাসনের সক্রিয় ভূমিকা প্রয়োজন। দুধ উৎপাদনের পাশাপাশি যেন তারা অদৃশ্য রাজনৈতিক চাপ ও হয়রানির শিকার না হন, সেটিও নিশ্চিত করতে হবে।

জিয়ালা গ্রাম প্রমাণ করেছে–সঠিক পরিবেশ পেলে যেকোনো গ্রামই হতে পারে শিল্পের কেন্দ্র। এখন প্রয়োজন রাষ্ট্রীয় স্বীকৃতি ও পরিকল্পিত সহায়তা। নইলে যে গ্রাম দেশের দুধের চাহিদা পূরণ করছে, সেই গ্রামের খামারিরাই একদিন এই পেশা ছেড়ে দিতে বাধ্য হবেন–যা হবে দেশের ডেইরি শিল্পের জন্য এক অশনিসংকেত।



MPA

ACTIVEWATER

ACTIVEFEED



BacterActive

Enteric microbial control

- Powerful enteric antimicrobial action against pathogens as *E. coli*, *Salmonella* spp., *Clostridium* spp.
- Effective both at low and high pH levels.
- Improves gut microbiota profile.
- Increases nutrient digestibility.
- Better productive parameters and reduced mortality.

www.mpaveterinary.com

BacterActive

Enteric microbial control

BacterActive is a synergistic combination of organic acids (formic – propionic - lactic) and phytochemicals, with high effectiveness inhibiting pathogenic bacteria proliferation in gastrointestinal tract. It has antibacterial properties at acidic pH (stomach) and alkaline pH levels (crop of poultry and small intestine).

Mode of action:

Organic acids have antibacterial properties, especially at acidic pH, where they are not dissociated. In these conditions, acid molecules can pass through bacterial cell walls and interfere in their metabolism, inhibiting microbial proliferation. At alkaline pH, organic acids are in its dissociated form (COO^- and $H+$) and cannot pass through bacterial cell walls. However, organic acid anions of **BacterActive** can enter bacteria and destroy them through a combination of specific phytochemicals which make bacteria cell walls more permeable.

Format	Appearance	Use
BacterActive Aqua	Liquid	Drinking water
BacterActive Liquid	Liquid	Feed
BacterActive Dry	Powder	Feed

Animal species and category:

Poultry and swine.

Dosage BacterActive (BA)		
Swine	BA Aqua ACTIVEWATER	1 L BA/ 1000 L of drinking water
	BA Dry/ Liquid ACTIVEFEED	**Continuous application**: 1 kg BA/ t of feed **Occasional application**: 2-3 kg BA/ t of feed
Poultry	BA Aqua ACTIVEWATER	1 L BA/ 1000 L of drinking water
	BA Dry/ Liquid ACTIVEFEED	1 kg BA/ t of feed

Storage and shelf life:

Store in a cool and dry place. Away from direct sunlight. Stable for, at least, 24 months after production date.

Packaging:

BacterActive **Dry**: 25 kg and 1000 kg.

BacterActive **Aqua**: 1 L, 5 L, 25 L and 1000 L.

BacterActive **Liquid**: 25 L and 1000 L.

Related references:

- **Brenes y Roura (2010).** Essential oils in poultry nutrition: main effects and modes of action. **Animal Feed Sci. and Tech., 158: 1–14.** https://doi.org/10.1016/j.anifeedsci.2010.03.007
- **Roth et al. (2017).** Effect of an organic acids based feed additive and enrofloxacin on the prevalence of antibiotic-resistant *E. coli* in cecum of broilers. **Poultry Science, 96 (11): 4053–4060.** https://doi.org/10.3382/ps/pex232https://doi.org/10.3382/ps/pex232

C/ Mogoda nº16-18, Pol. Industrial Can Salvatella
Barberà del Vallès 08210,
Barcelona (SPAIN)
Tel: +34 93.747.96.59

www.mpaveterinary.com

MPA

আদিয়ান এগ্রো লিঃ এর ব্যবস্থাপন পরিচালক ডাঃ মোঃ জামিল হোসেনের মায়ের ইন্তেকাল

আমরা শোকাহত

আদিয়ান এগ্রো লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ডাঃ মোঃ জামিল হোসেনের মাতা আজ বিকাল তিনটায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

তিনি দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভুগছিলেন। পেশাগত জীবনে তিনি একজন গৃহিণী ছিলেন।

মরহুমা তিন ছেলে ও চার মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তিনি অসংখ্য নাতি-নাতনি রেখে গেছেন। ডাঃ মোঃ জামিল হোসেন মরহুমার ষষ্ঠ সন্তান ও ছোট পুত্র।

মরহুমার জানাজা আগামী ৪ জানুয়ারি ২০২৬ (রবিবার) সকাল ১০টায় জামালপুর জেলার মেলান্দহে নিজ বাড়িতে অনুষ্ঠিত হবে।

পরিবারের পক্ষ থেকে মরহুমার রুহের মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে সকলের কাছে দোয়া প্রার্থনা করা হয়েছে।

"বাংলাদেশ পোল্ট্রি এন্ড ফিস" পরিবারের পক্ষ থেকে মরহুমার আত্মার শান্তি ও মাগফিরাত কামনা করছি।

একটি অকাল প্রস্থান: পোল্ট্রি খাতের এক প্রতিশ্রুতিশীল পেশাজীবীর স্মরণে

আমরা শোকাহত



আফরোজা আক্তার (১৯৮৯-২০২৬)

বাংলাদেশের প্রাণিস্বাস্থ্য ও পোল্ট্রিখাত আজ একজন নিবেদিতপ্রাণ, মেধাবী ও সম্ভাবনাময় পেশাজীবীকে হারালো। অকালেই পৃথিবীর মায়া ত্যাগ করে না ফেরার দেশে পাড়ি জমিয়েছেন আফরোজা আক্তার, যিনি ছিলেন একজন দক্ষ ফার্মাসিস্ট ও প্রাণিস্বাস্থ্য খাতের একজন উদীয়মান নেতৃত্ব।

আফরোজা আক্তারের জন্ম ১৯৮৯ সালে। তিনি চার ভাইবোনের মধ্যে দ্বিতীয়। শিক্ষাজীবনে তিনি ছিলেন অত্যন্ত মনোযোগী ও পরিশ্রমী। মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি থেকে ফার্মেসিতে অনার্স এবং পরবর্তীতে নর্থ সাউথ ইউনিভার্সিটি থেকে মাস্টার্স সম্পন্ন করেন।

পেশাগত জীবন ২০১৬ সালে তিনি এসকেএফ ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর অ্যানিম্যাল হেলথ ডিভিশনে প্রোডাক্ট এক্সিকিউটিভ হিসেবে কর্মজীবন শুরু করেন। অল্প সময়ের মধ্যেই তীক্ষ্ণ জ্ঞান, বিশ্লেষণী দক্ষতা এবং অক্লান্ত পরিশ্রম এর ধারাবাহিকতায় তিনি সিনিয়র ব্র্যান্ড ম্যানেজার হিসেবে পদোন্নতি লাভ করেন। ২০২৩ সালে তিনি স্কয়ার ফার্মাসিউটিক্যালস পিএলসি এর এগ্রোভেট ডিভিশনে সিনিয়র প্রোডাক্ট এক্সিকিউটিভ হিসেবে যোগদান করেন। স্কয়ার এ যোগদানের পর খুব দ্রুতই তিনি তার দক্ষতা, নেতৃত্বগুণ ও দায়িত্বশীলতার প্রমাণ দেন। বিশেষ করে পোল্ট্রি পোর্টফোলিও পরিচালনায় তিনি ছিলেন অত্যন্ত সক্রিয় ও সফল, যেখানে তিনি টিম লিড হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তারই ধারাবাহিক অবদান ও নিষ্ঠার স্বীকৃতিস্বরূপ, ২০২৬ সালে তিনি গ্রুপ কো-অর্ডিনেটর হিসেবে পদোন্নতি লাভ করেন যা তার উজ্জ্বল ভবিষ্যতের স্পষ্ট ইঙ্গিত বহন করছিল। ব্যক্তিগত জীবন ব্যক্তিগত জীবনে আফরোজা আক্তার ছিলেন একজন স্নেহাশীলা স্ত্রী ও মমতাময়ী মা। তার স্বামী কাজী ফজলে রাব্বি রিজভি-ও একজন ফার্মাসিস্ট ছিলেন এবং এসকেএফ ফার্মাসিউটিক্যালসের সাপ্লাই চেইন বিভাগে ডেপুটি ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন। তাদের দুই পুত্র রাফসান ও রিশান ছিল তাদের জীবনের আলো। মর্মান্তিক বিদায় ১৬ জানুয়ারি ২০২৬, এক আকস্মিক ও ভয়াবহ অগ্নিকান্ডে আফরোজা আক্তার (৩৭), তার স্বামী রিজভি (৩৮) এবং তাদের কনিষ্ঠ পুত্র রিশান (০২) ইন্তেকাল করেন। এই মর্মান্তিক দুর্ঘটনা শুধু একটি পরিবারকেই নয়, বরং পুরো ফার্মাসিউটিক্যালস ও প্রাণিস্বাস্থ্য খাতকে শোকের সাগরে ভাসিয়েছে। আফরোজা আক্তার ছিলেন পেশাদারিত্ব, সততা ও মানবিক গুণাবলির এক উজ্জ্বল দৃষ্টান্ত। তার অকাল প্রস্থান আমাদের জন্য এক অপূরণীয় ক্ষতি। তার কর্ম, নিষ্ঠা ও স্মৃতি সহকর্মী ও সহযাত্রীদের মাঝে চিরদিন প্রেরণার উৎস হয়ে থাকবে। মহান আল্লাহতায়ালা যেন আফরোজা আক্তার, তার স্বামী ও সন্তানের সকল গুনাহ ক্ষমা করে তাদেরকে জান্নাতুল ফেরদৌসের সর্বোচ্চ মাকাম দান করেন এবং শোকসন্তপ্ত পরিবার ও স্বজনদের সবর ও শক্তি দান করেন।

****



Bangladesh Fisheries Executive Association (BFEA) কর্তৃক Young Fisheries Students Congress (YFSC)-2025 শীর্ষক কনফারেন্স অনুষ্ঠিত









দেশের মৎস্যখাতের ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে তোলা ও তরুণ মৎস্যবিজ্ঞান শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে Young Fisheries Students Congress (YFSC)-2025 শীর্ষক একটি কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। ফিশারিজ সোসাইটি অব বাংলাদেশ (এফএসবি), ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৎস্যবিজ্ঞান বিভাগ এবং 'বাংলাদেশ ফিশারিজ এক্সিকিউটিভ এসোসিয়েশন' (বিএফইএ)-এর যৌথ উদ্যোগে গত ৮ জানুয়ারি ২০২৬, বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban-এ এই কনফারেন্স আয়োজন করা হয়।

কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান, পিএইচডি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জিয়া হায়দার চৌধুরী, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর এবং ড. অনুরাধা ভদ্র, মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক ড. মোঃ আবুল মনসুর, সভাপতি, ফিশারিজ সোসাইটি অব বাংলাদেশ।

সন্ধ্যার ক্লোজিং পর্বে আয়োজকবৃন্দদের পক্ষ থেকে প্রথমেই বক্তব্য প্রদান করেন বাংলাদেশ ফিশারীজ এক্সিকিউটিভ এসোসিয়েশন (বিএফইএ) এর সদস্য সচিব কৃষিবিদ মোঃ রাশেদুজ্জামান দিপু, এফএসবির সভাপতি, এফএসবির সাধারণ সম্পাদক কৃষিবিদ প্রফেসর ড. মোঃ রফিকুজ্জামান বকুল এবং ফিশারিজ বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ মামুন চৌধুরী-র সমাপনী বক্তব্যে দিনব্যাপী জমকালো অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফিশারীজ এক্সিকিউটিভ এসোসিয়েশন (বিএফইএ) এর সম্মানিত উপদেষ্টা পরিষদের সদস্য কৃষিবিদ প্রফেসর ড. মোঃ কাজী আহসান হাবীব বাবু, ডীন, ফিশারীজ অনুষদ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, কৃষিবিদ প্রফেসর ড. মোঃ মোসাররফ হোসেন, চেয়ারম্যান, অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ফাউন্ডার সভাপতি কৃষিবিদ মোঃ মাহবুবুল আলম খান শাহীন, ফাউন্ডার সাধারণ সম্পাদক কৃষিবিদ মোঃ মিজানুর রহমান, আহবায়ক কৃষিবিদ মোঃ কামরুজ্জামান শাহ স্বপন, যুগ্ম আহবায়ক কৃষিবিদ মোঃ মোস্তাফিজুর রহমান, কোষাধ্যক্ষ কৃষিবিদ মোঃ ওবায়দুল ইসলাম, নির্বাহী সদস্য কৃষিবিদ মোঃ শহিদুল ইসলাম, নির্বাহী সদস্য এবং নরসিংদী আঞ্চলিক কমিটির সভাপতি কৃষিবিদ মোঃ হারুন অর রশীদ হীরা, নির্বাহী সদস্য কৃষিবিদ রোকনুজ্জামান (দপ্তরের দায়িত্বে), নির্বাহী সদস্য কৃষিবিদ জামিল চৌধুরী রেজা, নির্বাহী সদস্য এবং কুমিল্লা আঞ্চলিক কমিটির দপ্তর সম্পাদক কৃষিবিদ মোঃ আল আমিন, নির্বাহী সদস্য এবং কুমিল্লা আঞ্চলিক কমিটির সাংগঠনিক সম্পাদক কৃষিবিদ আবু রাজীম, সদস্য কৃষিবিদ মোঃ হারুন অর রশীদ সৈকত, সদস্য কৃষিবিদ মোঃ আশরাফুজ্জামান রাজু, সদস্য কৃষিবিদ মোঃ ইসমাইল হোসেন, সদস্য কৃষিবিদ পলাশসহ আরও অনেক ফিশারীজ এক্সিকিউটিভবৃন্দ সহ আরও উপস্থিত ছিলেন মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিএফআরআই এর কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং ফিশারিজ অনুষদের শিক্ষার্থীবৃন্দ, বিভিন্ন পর্যায়ের সাংবাদিকবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ এবং বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ ও মৎস্য উদ্যোক্তাবৃন্দ।

Aviagen

Water: The Forgotten Nutrient

Water is essential for life. Not only is it a vital nutrient, but it is also involved in many physiological functions, such as digestion and absorption, thermoregulation, lubrication of joints and organs, and elimination of metabolic waste, and it is an essential part of blood and body tissues. About 70% of a bird's weight is water, so any reduction in intake or loss of moisture will have a profound impact on overall performance. This is especially true for chicks arriving on the farm. Clean, cool, potable water must be available as soon as the birds are placed and remain available for the remainder of their time on the farm. Frequently, a change in water consumption is the earliest warning sign of a problem in the poultry house. It is strongly recommended that each house have its own independent water meter, and daily monitoring is undertaken.

Generally, water intake is approximately twice feed intake, though it can be much higher in hot conditions. As birds age and their feed intake increases, water consumption also increases. This increase in demand must be met by ensuring adequate drinker availability and by increasing the water flow rate as birds age. Water intake in males is higher than in females, mainly due to greater body size and associated metabolic demands.

A bird's demand for water will increase by 6–7% per 1°C above an ambient temperature of 21°C. Not only will environmental temperature affect consumption, but water temperature will as well. Birds prefer cool water, and water intake will decline if the water gets too hot. If water temperatures routinely exceed 24°C, then consideration should be given to how the water is stored and whether it may need to be cooled.

Most modern poultry houses utilize nipple lines, which reduce labor, maintain water cleanliness, and minimize disease spread; however, these systems require effective maintenance. Lines must be set to the correct height and pressure for the bird's age and size. They must also be routinely flushed, maintained, and cleaned.

The flow rate (or water pressure) in the lines must be set to

Table 1 shows the water quality criteria for poultry.

TABLE 1: Water Quality Criteria for Poultry

CRITERIA	CONCENTRATION (PPM)	COMMENTS
Total Dissolved Solids (TDS)	<1,000	Good.
	1,000–3,000	Satisfactory: Wet droppings may result at the upper limit.
	3,000–5,000	Poor: Wet droppings, reduced water intake, poor growth, and increased mortality.
	>5,000	Unsatisfactory.
Hardness	<100 Soft	Good: No problems.
	>100 Hard	Satisfactory: No problem for poultry, but can interfere with effectiveness of soap and many disinfectants and medications administered via water.
pH	<6	Poor: Performance problem, corrosion of water system.
	6.0–6.4	Poor: Potential problems.
	6.5–8.5	Satisfactory: Recommended for poultry.
	>8.6	Unsatisfactory.
Sulfates	<200	Satisfactory: May have a laxative effect if sodium (Na) or magnesium (Mg) is >50 ppm.
	200–250	Maximum desirable level.
	250–500	May have a laxative effect.
	500–1,000	Poor: Laxative effect (birds may adjust), can interfere with copper absorption; additive laxative effect when combined with chlorides.
